



WORLD BANK GROUP

ভারত

ভূমি প্রশাসন মূল্যায়ন

জাতীয় সংশ্লেষণ প্রতিবেদন



Landesa.
Rural Development Institute



WORLD BANK GROUP

ভারত

ভূমি প্রশাসন মূল্যায়ন

জাতীয় সংশ্লেষণ প্রতিবেদন

© 2015 International Bank for Reconstruction and Development/The World Bank
1818 H Street NW, Washington, DC 20433
Telephone: 202-473-1000; Internet: www.worldbank.org

This work is a product of the staff of The World Bank with external contributions. The findings, interpretations, and conclusions expressed in this work do not necessarily reflect the views of The World Bank, its Board of Executive Directors, or the governments they represent. The World Bank does not guarantee the accuracy of the data included in this work. The boundaries, colors, denominations, and other information shown on any map in this work do not imply any judgment on the part of The World Bank concerning the legal status of any territory or the endorsement or acceptance of such boundaries. Nothing herein shall constitute or be considered to be a limitation upon or waiver of the privileges and immunities of The World Bank, all of which are specifically reserved.

This work does not necessarily reflect the views of the Government of India and the findings of the study are not binding on the Government of India.

This work is available under the Creative Commons Attribution 3.0 IGO license (CC BY 3.0 IGO) <http://creativecommons.org/licenses/by/3.0/igo>. Under the Creative Commons Attribution license, you are free to copy, distribute, transmit, and adopt this work, including for commercial purposes, under the following conditions:

Translations

This translation was not created by the World Bank and should not be considered an official World Bank translation. The World Bank shall not be liable for any content or error in this translation.

If you create a translation of this work, please add the following disclaimer along with the attribution: *'This translation was not created by the World Bank and should not be considered an official World Bank translation. The World Bank shall not be liable for any content or error in this translation.'*

Adaptations

If you create an adaptation of this work, please add the following disclaimer along with the attribution: *'This is an adaptation of an original work by the World Bank. Views and opinions expressed in the adaptations are the sole responsibility of the author or authors of the adaptation and are not endorsed by the World Bank.'*

Third-party content

The World Bank does not necessarily own each component of the content contained within the work. The World Bank therefore does not warrant that the use of any third-party-owned individual component or part contained in the work will not infringe on the rights of those third parties. The risk of claims resulting from such infringement rests solely with you. If you wish to re-use a component of the work, it is your responsibility to determine whether permission is needed for that re-use and to obtain permission from the copyright owner. Examples of components can include, but are not limited to, tables, figures, or images.

All queries on rights and licenses should be addressed to the Publishing and Knowledge Division, The World Bank, 1818 H Street NW, Washington, DC 20433, USA; fax 202-522-2625; e-mail: pubrights@worldbank.org.

Design, layout, and printing: Macro Graphics Pvt. Ltd.

© ২০১৫ ইন্টারন্যাশনাল ব্যাঙ্ক ফর রিকন্সট্রাকশন এন্ড ডেভেলপমেন্ট/দি ওয়ার্ল্ড ব্যাঙ্ক
১৮১৮ এইচ স্ট্রিট এনড্রিউ, ওয়াশিংটন, ডিসি ২০৪৩৩
টেলিফোন: ২০২-৪৭৩-১০০০; ইন্টারনেট : www.worldbank.org

এই কাজটি বাইরের সহায়তায় বিশ্বব্যাঙ্কের কর্মীরা করেছেন। এটা প্রয়োজনীয় নয় যে এতে যে তথ্য, ব্যাখ্যা ও সিদ্ধান্তগুলি রয়েছে তা বিশ্বব্যাঙ্ক, তার বোর্ড অফ এক্সিকিউটিভ ডিরেক্টরস বা তারা যে সরকারের প্রতিনিধি তাদের সাথে মিলবে। এই কাজে ব্যবহৃত তথ্যের অশ্রুততা সম্পর্কে বিশ্বব্যাঙ্ক কোন নিশ্চয়তা প্রদান করে না। এখানে ব্যবহৃত মানচিত্রে দেখানো সীমানা, রঙ, শ্রেণী এবং অন্যান্য তথ্য কোন অঞ্চলের বা সীমানার আইনি অবস্থান সম্পর্কে বিশ্বব্যাঙ্কের মতামতের আভাস দেয় না। এইখানে বর্ণিত কোনকিছুই বিশ্বব্যাঙ্কের জন্য বিশেষভাবে সংরক্ষিত বিশেষাধিকার এবং দায়মুক্তির উপর সীমাবদ্ধতা বা দাবিত্যাগ আরোপ করে না।

এই কাজ ভারত সরকারের দৃষ্টিভঙ্গির প্রতিফলন নয় এবং গবেষণালব্ধ ফল ভারত সরকারের উপর বর্তায় না।

এই কাজটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন ৩.০ আইজিও লাইসেন্স (সিসি বাই ৩.০ আইজিও) এর অধীনে উপলব্ধ, <http://creativecommons.org/licenses/by/3.0/igo> ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন লাইসেন্স অনুযায়ী, নিম্নলিখিত শর্তাবলী মেলে যে কোন ব্যক্তি এমনকি বাণিজ্যিক উদ্দেশ্যেও এই কাজটি অনুলিখন, বিতরণ, প্রেরণ এবং গ্রহণ করতে পারবে:

অনুবাদ

এই অনুবাদটি বিশ্বব্যাঙ্ক দ্বারা তৈরী করা হয়নি এবং একে বিশ্বব্যাঙ্কের সরকারি অনুবাদ হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই অনুবাদে ব্যবহৃত বিষয়বস্তু এবং ত্রুটির জন্য বিশ্বব্যাঙ্ক দায়ী নয়।

যদি আপনি এই কাজটির অনুবাদ করেন, তাহলে নিম্নলিখিত দাবিত্যাগ অবশ্যই আরোপন করুন 'এই অনুবাদটি বিশ্বব্যাঙ্ক দ্বারা তৈরী করা হয়নি এবং একে বিশ্বব্যাঙ্কের সরকারি অনুবাদ হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই অনুবাদে ব্যবহৃত বিষয়বস্তু এবং ত্রুটির জন্য বিশ্বব্যাঙ্ক দায়ী নয়।'

সাক্ষীকরণ

আপনি যদি এই কাজের কোন সাক্ষীকরণ তৈরী করেন, তাহলে নিম্নলিখিত দাবিত্যাগ অবশ্যই আরোপন করুন 'এটি বিশ্বব্যাঙ্কের একটি মূল কাজের সাক্ষীকরণ। এই সাক্ষীকরণে অভিযুক্ত দৃষ্টিভঙ্গি এবং মতামতের সম্পূর্ণ দায়িত্ব এর লেখক বা লেখকদের। বিশ্বব্যাঙ্ক এটিকে অনুমোদন করে না।'

এই অনুবাদ বিশ্বব্যাঙ্ক দ্বারা তৈরী নয় এবং এটিকে বিশ্বব্যাঙ্কের সরকারি অনুবাদকার্য হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই অনুবাদের বিষয়বস্তু বা ত্রুটির জন্য বিশ্বব্যাঙ্ক দায়ী নয়।

তৃতীয় পক্ষ বিষয়বস্তু

বিশ্বব্যাঙ্ক এখানে ব্যবহৃত বিষয়বস্তুর প্রতিটি উপাদানের মালিক নয়। ফলে এখানে ব্যবহৃত তৃতীয়-পক্ষীয় পৃথক উপাদান বা আংশিক উপাদানের ক্ষেত্রে তৃতীয়-পক্ষের অধিকার লঙ্ঘনের ক্ষেত্রে বিশ্বব্যাঙ্ক কোনোরকম জামিন দেয় না। এইরকম কোন লঙ্ঘনের দাবীর ঝুঁকি সম্পূর্ণ আপনার। যদি আপনি এই কাজের কোন উপাদানের পুনঃব্যবহার করতে চান, সেক্ষেত্রে কানরকম অনুমতির প্রয়োজন রয়েছে কিনা সেটা জানাযয় এবং তা স্বত্বাধিকারীর কাছ থেকে আদায় করা আপনার দায়িত্ব। উপাদানের উদাহরণস্বরূপ, সারণী, পরিসংখ্যান বা চিত্র ইত্যাদি।

স্বত্বাধিকার এবং লাইসেন্স সম্পর্কিত প্রশ্নের থাকলে তা পাঠান পাবলিশিং এন্ড নলেজ ডিভিশন, দি ওয়ার্ল্ড ব্যাঙ্ক, ১৮১৮ এইচ স্ট্রিট এনড্রিউ, ওয়াশিংটন, ডিসি ২০৪৩৩, ইউএসএ; ফ্যাক্স ২০২-৫২২-২৬২৫; pubrights@worldbank.org

পরিকল্পনা, বিন্যাস এবং মুদ্রণ: ম্যাক্স গ্রাফিক্স প্রাইভেট লিমিটেড

সূচীপত্র

আদ্যকরসমষ্টি	vii
কৃতজ্ঞতা স্বীকার	ix
সম্পাদনমূলক সারসংক্ষেপ	xi
১. ভূমিকা এবং পটভূমি	১
২. এলজিএএফ পদ্ধতি এবং ভারতে তার প্রয়োগ	৫
৩. প্যান্ডেলের প্রস্তাবনা বিশ্লেষণ	৭
৩.১ ভূমি অধিকারের স্বীকৃতি	৭
৩.১.১ সমস্যা চিহ্নিতকরণ	৭
৩.১.২ প্রস্তাবনা	৮
৩.২ সমগ্র সম্প্রদায়ের অধিকারভুক্ত এবং অরণ্যভূমি	৯
৩.২.১ সমস্যা চিহ্নিতকরণ	৯
৩.২.২ প্রস্তাবনা	১০
৩.৩ শহরপঞ্চালের জমি	১০
৩.৩.১ সমস্যা চিহ্নিতকরণ	১০
৩.৩.২ প্রস্তাবনা	১১
৩.৪ সরকারি জমি ব্যবস্থাপনা এবং জমি অধিগ্রহণ	১৩
৩.৪.১ সমস্যা চিহ্নিতকরণ	১৩
৩.৪.২ প্রস্তাবনা	১৩
৩.৫ সরকারি জমির হস্তান্তর/নিষ্পত্তি	১৪
৩.৫.১ সমস্যাজিহ্নিতকরণ	১৪
৩.৫.২ প্রস্তাবনাসমূহ	১৫

৩. ৬ জমি সংক্রান্ত নথিপত্র এবং তফসিল	১৫
৩.৬.১ সমস্যাচিহ্নিতকরণ	১৫
৩.৬.২ প্রস্তাবনাসমূহ	১৬
৩.৭ জমির মূল্য নির্ণয় এবং কর	১৮
৩.৭.১ সমস্যা চিহ্নিতকরণ	১৮
৩.৭.২ প্রস্তাবনাসমূহ	১৮
৩.৮ জমি বিরোধ	১৯
৩.৮.১ সমস্যা চিহ্নিতকরণ	১৯
৩.৮.২ প্রস্তাবনাসমূহ	১৯
৩.৯ প্রাতিষ্ঠানিক পরিকল্পনা	২০
৩.৯.১ সমস্যা চিহ্নিতকরণ	২০
৩.৯.২ প্রস্তাবনাসমূহ	২০
৪. কর্মসম্পাদন পর্যবেক্ষণ ও কাজের গতি নিয়ন্ত্রণ	২৩
৫. জাতীয় এজেন্ডার জন্য অর্থায়ন	২৭
৫.১ প্রতিক্রিয়ার ফাঁকের নিরীক্ষণ এবং প্রতিষ্ঠা	২৭
৫.২ প্রাতিষ্ঠানিক সমস্যা খণ্ডন/অতিক্রম করা	২৭
৫.৩ সরকারি সম্পদ বন্টন মানদণ্ডের পর্যালোচনা	২৮
তথ্যসূত্র	২৯
পরিশিষ্ট-I: রাজ্যগুলির নীতি কাঠামো	৩১
পরিশিষ্ট-II: রাজ্যগুলির মূল্যায়ন	৬৭

আদ্যক্ষরসমষ্টি

এপি	অন্ধ্র প্রদেশ
বিআই	বিহার
বিআইএডিএ	বিহার ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি
সিএফআর	কমিউনিটি ফরেস্ট রাইটস
সিপিআর	কমন প্রপার্টি রিসোর্সেস
ডিবি	(ইস অফ) ডুইং বিজনেস
ডিসিএলআর	ডেপুটি কালেক্টর ল্যান্ড রিফর্মস
ডিএলসি	ডিসট্রিক্ট লেভেল কমিটিস
ডিওএলআর	ডিপার্টমেন্ট অফ ল্যান্ড রেকর্ডস
এফআরএ	ফরেস্ট রাইটস অ্যাঙ্ক
এইচএসএএ	হিন্দু সাকসেশন অ্যাঙ্ক অ্যামেন্ডমেন্ট
জেএফএম	জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট
জেকে	ঝাড়খন্ড
জেএনএনইউআরএম	জগদহরলাল নেহেরু ন্যাশনাল আরবান রিনিউয়াল মিশন
কেএ	কর্ণাটক
এলজিএএফ	ল্যান্ড গভর্নেন্স অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক
এলজিইউ	লোকাল গভর্নেন্ট ইউনিট
এমএ	মহারাষ্ট্র
এমপি	মধ্য প্রদেশ

এনএলআরএমপি	ন্যাশনাল ল্যান্ড রেকর্ডস মডার্নাইজেশন প্রোগ্রাম
ওডি	ওডিশা
পিইএসএ	পদ্মরয়েত (এক্সটেনশন টু শিডিউল এরিয়াস) অ্যাক্ট
পিপিপি	পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ
এসসি	শিডিউল কাস্টস
এসটি	শিডিউল ট্রাইবস
টিএজি	টেকনিকাল অ্যাডভাইসারি গ্রুপ
টিপিস	টাউন প্ল্যানিং স্কিম
ইউডিএ	আরবান ডেভেলপমেন্ট অথরিটি
ইউএলবি	আরবান লোকাল বডিস
ইউপিওআর	আরবান প্রোপার্টি ওনারশিপ রেকর্ডস
ভিএফএমপিসি	ভিলেজ ফরেস্ট ম্যানেজমেন্ট এন্ড প্রোটেকশন কমিটি
ডব্লিউবি	ওয়েস্ট বেঙ্গল

কৃতজ্ঞতা স্বীকার

এস. নারায়নের (বরিষ্ঠ সমাজ বিশেষজ্ঞ) নেতৃত্বে ভারতীয় পৃষ্ঠপোষকতার অধীনে কে. ডেইনিকার (ডিইসিএআর, টাঙ্ক টিম নেতা) এবং টি. হিলহর্স্ট (ডিইসিএআর) এই প্রতিবেদনটি তৈরী করেছেন। ই. কুক, জি. পেরুশি, ভি. রায়বন এবং এস. তলয়ারের সহায়তা এবং সহকর্মী অবৈক্ষক আর. বাকলেই, এ. ফক, ই. প্যান্টোজা এবং এস. সোলফের অসাধারণ মন্তব্যকে কৃতজ্ঞচিত্তে স্বীকার করি। ডিরেক্টর, কাউন্সিল ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (সিএসডি) এবং সিএসপি এর প্রাক্তন চেয়ারম্যান ড. টি. হকের নেতৃত্বাধীন টেকনিক্যাল অ্যাডভাইসারি গ্রুপ, ভারত সরকারের অংশীভূত ভি. আগরওয়াল, মুখ্য সচিব রাজস্ব দপ্তর, অন্ধ্র প্রদেশ সরকার (আইন ও প্রাতিষ্ঠানিক কাঠামো দপ্তর); ড. এ. বর্ধন, বিহার সরকার, এবং ড. এন.সি. সাজো, প্রাক্তন সচিব, থামোনুয়ন দপ্তর এবং সদস্য, জাতীয় উপদেষ্টা পরিষদ (বন ও সাধারণ জমি দপ্তর), ড. আই.পি. গৌতম, প্রাক্তন মুখ্য সচিব, গুজরাত সরকার (শহুরে জমি দপ্তর); ড. মীনাক্ষী সুন্দরম, প্রাক্তন সদস্য, পিএমও (সরকারি জমি ব্যবস্থাপনা ও জমি অধিগ্রহণ দপ্তর); আর. চাওলা, মুখ্য সচিব,

কর্ণাটক সরকার (ভূমি তথ্য, ভূমি মূল্যায়ন এবং করারোপণ দপ্তর); আর.বি. ভারুকা, বিচারপতি, সুপ্রিম কোর্ট (বিরোধ এবং বিরোধ ব্যবস্থাপনা); এবং আর. সিনহা, প্রাক্তন সচিব, ডিওএলআর, ভারত সরকার (প্রাতিষ্ঠানিক পরিবেশ দপ্তর), তৎসহ সেন্টার ফর গুড গভর্নেন্স দপ্তরের রাজ্যদল, হায়দ্রাবাদ এবং অন্ধ্র প্রদেশের রাজ্য কোঅর্ডিনেটর এস. ভালে রাও, আই এ এস (অবসরপ্রাপ্ত), দি চন্দ্রগুপ্ত ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট, পাটনা এবং বিহারের রাজ্য কোঅর্ডিনেটর এস. দেবব্রত, দি ন্যাশনাল ইউনিভার্সিটি ফর স্টাডি এন্ড রিসার্চ ইন ল, রাঁচি এবং ঝাড়খণ্ডের রাজ্য কোঅর্ডিনেটর এন. গুরু, আজিম পেমজি ইউনিভার্সিটি, বেঙ্গালুরু সহ কর্ণাটকের রাজ্য কোঅর্ডিনেটর এ. নারায়ণ, ওড়িশার তরফে কেআইআইটি স্কুল অফ রুরাল ম্যানেজমেন্ট, ভুবনেশ্বর এবং রাজ্য কোঅর্ডিনেটর প্রণব চৌধুরী, এবং পশ্চিমবঙ্গের তরফে দি রুরাল ডেভেলপমেন্ট ইন্সটিটিউট (আরডিআই) - ল্যাঙ্ডেসা, কলকাতা সহ রাজ্য কোঅর্ডিনেটর পি. হালদারের উৎসাহ ছাড়া এই প্রতিবেদন তৈরী করা সম্ভব ছিল না।



সম্পাদনমূলক সারসংক্ষেপ

ভারতের ভূমি ব্যবস্থা অদূর ভবিষ্যতে বিরাট সমস্যার সম্মুখীন হবে: যেহেতু ভারত ক্রমশ শহুরে হয়ে চলেছে এবং অর্থনীতিও কৃষিভিত্তিকের বদলে বেশি করে শিল্পভিত্তিক হয়ে চলেছে, সুতরাং জমির চাহিদা ক্রমশই বাড়তে থাকবে। ২০৩০ সাল নাগাদ দেশের শহুরে জনসংখ্যা ২০০ মিলিয়ন অবধি বৃদ্ধি পাবে বলে মনে করা হচ্ছে, যার ফলে শুধুমাত্র বসবাসের জন্য ৪-৮ মিলিয়ন হেক্টর জমির প্রয়োজন হবে। পরিকাঠামো এবং শিল্পের জন্য জমির চাহিদাও ততটাই হবে, অর্থাৎ জমির মোট চাহিদা হবে বর্তমানে কৃষির জন্য ব্যবহৃত জমির ৫-১০ শতাংশ। যদি ঠিকভাবে একে সামলানো না হয়, জমির ব্যবহারিক পরিবর্তনের এই বিশালতা দুর্বলতা এবং খাদ্য নিরাপত্তাহীনতা, ভাড়ার চাহিদা, পরিবেশগত সমস্যা, সামাজিক চ্যুতি, বৈষম্য এবং দ্বন্দ্ব বাড়িয়ে তুলতে পারে। অপরদিকে এটি আবার অসুস্থ নিহিত কাঠামোগত সমস্যাগুলির সমাধান করার সুযোগ করে দিতে পারে, ভারতকে মধ্য-আয়ের দেশগুলির স্তরে নিয়ে গিয়ে এবং উন্নয়নের সুফল উল্লেখযোগ্যভাবে সবার মধ্যে বণ্টনের মাধ্যমে দারিদ্র দূরীকরণ করতে পারে।

ধারাবাহিক বৈষম্য এবং অবহেলা বিরাট সমস্যা তৈরী করতে পারে: যদিও ভারতে ইতিহাসে নীতি বিষয়ক তর্কে জমি সবসময় বড় বিষয় ছিল, তবে চিরাচরিত প্রাতিষ্ঠানিক সীমানা অতিক্রম করে পদ্ধতিগতভাবে বিষয়গুলি নিয়ে কাজ করার পরিবর্তে বিশেষ কিছু ফাঁক পূরণ করাই ছিল প্রধান লক্ষ্য ছিল। এর ফলে সাধারণভাবে ভূমি স্বত্বাধিকার, আদিবাসীদের অধিকার রক্ষা, মহিলা এবং ক্ষুদ্র জমি মালিক সংক্রান্ত বিষয় স্পষ্টভাবে নির্ধারণ করার ক্ষেত্রে তথ্যের গুণমান এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং জমির সর্বোচ্চ উৎপাদনশীল ব্যবহারের ক্ষেত্রে জমির দামের ব্যাপারে বাজারের সাড়া দেওয়ার সুযোগও ক্ষতিগ্রস্ত হয়েছে। পরিবর্তে, এটি জটিল এবং সুবিশাল এক আইনব্যবস্থার নির্মাণ করেছে যা নিজেদের মধ্যেই সবসময় সম্পূর্ণরূপে সামঞ্জস্যপূর্ণ নয় এবং যা প্রয়োগ করা অত্যন্ত কঠিন, বিশেষত যেসব ক্ষেত্রে মূলগত জমি সংক্রান্ত তথ্য দুর্বল বা অচল। তাই এটা মোটেই বিশ্বয়কর নয় যে বেসরকারী ক্ষেত্রের কাছে জমি সবসময়ই উদ্বেগের বিষয় হয়ে রয়েছে।

জমি নিয়ন্ত্রণের উন্নতির ফলে উপকারগুলো ব্যাপক এবং অন্যান্যসেই ভাগ করা যেতে পারে। জমি সংক্রান্ত চিন্তা ভাবনার অনেকেরই ভ্রান্ত ধারণা এই যে জমির নীতি নিয়ম একটা পূন্য সমাপ্তির খেলা, অর্থাৎ একদলের লাভ হলে অন্যদের সমপরিমাণ ক্ষতি হবে। কিছু ক্ষেত্রে এটা সত্যি হলেও সব ক্ষেত্রেই এটা প্রযোজ্য নয়। জমির স্বত্বাধিকার বিষয়ে স্পষ্ট এবং জোরালো স্বীকৃতিদান বিনিয়োগ বাড়াতে পারে। জমির ব্যবহার বজায় রেখে কল্যাণমূলক, কাজের মাধ্যমে এবং অনানুষ্ঠানিক দখলকারীদের উপকৃত করার ফলে যারা আগে এইধরনের অধিকার থেকে বঞ্চিত ছিল, তাদের মধ্যে সংঘর্ষ কম হবে। বাজার ভিত্তিক জমি হস্তান্তরের খরচকমিয়ে তা পুনর্বাসস্থানের নানাবিধ প্রক্রিয়াগুলোকে এমনভাবে সামাল দেবে যার ফলে গ্রামের বেকারত্ব কমবে এবং জমির মালিকদের পছন্দের প্রতি লক্ষ্য রেখেও কাঠামোগত পরিবর্তন আনা যাবে। জমি হস্তান্তর অথবা তারব্যবহারের ওপর জোরপূর্বক বিধিনিষেধ আরোপ সম্ভব, যার ফলে সংঘর্ষের ঝুঁকি কমবে, তবে যদি সবকিছু নথিভুক্ত করা থাকে। সরকারী জমির উন্নত রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা অথবা সঠিক পরিস্থিতিতে আরও স্বচ্ছপদ্ধতিতে হস্তান্তর করা — শুধুমাত্র নির্দিষ্ট কিছু ব্যক্তির কলে সর্বসাধারণকে অধিকার দেওয়া হবে বিশিষ্ট সরকারি সম্পদ থেকে উপকার লাভ করার। বিশেষত নতুন প্রযুক্তি বিদ্যা জমি প্রশাসনের বাধাগুলোকে সুযোগেরূপান্তরিত করার বিভিন্ন উপায় বের করেছে।

এই সংশ্লেষণ প্রতিবেদন ছয়টি রাজ্যে জমি পরিচালন ক্ষেত্রে স্ব-মূল্যায়নের কল্যাণ উপস্থাপন করে: জমি রাজ্যের বিষয় হওয়ার জন্য জমি পরিচালনের ক্ষেত্রে উন্নতির উদ্যোগ রাজ্য স্তরে শুরু করতে হবে। সুযোগগুলিকে চিহ্নিত করতে, ছয়টি রাজ্য ল্যান্ড গভর্নেন্স অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক (এলজিএএফ) নামক একটি পদ্ধতি সম্পাদন করেছে যা আন্তর্জাতিক মানের সাথে রাজ্যগুলির জমি পরিচালন পদ্ধতির অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে বিভিন্ন মাত্রা বিচার করে তুলনা করে। রাজ্যের প্রতিবেদনগুলিতে ফলাফলের সংক্ষিপ্তসার জনসাধারণের জন্য

প্রকাশ করা হয়েছে এবং প্রতিটি রাজ্যের নীতিনির্ধারনকারীদের সাথে এই নিয়ে আলোচনাও হয়েছে। এই কেন্দ্রীয় প্রতিবেদনেও তা বলা হয়েছে এবং সাধারণ বিষয়গুলি তুলে ধরা হয়েছে।

রাজ্যগুলির ক্ষেত্রে একাধিক সমস্যা দেখা দিচ্ছে: ভূমি সংক্রান্ত প্রামাণিক নথিপত্র – তৎসহ লিখিত হালনাগাদ তথ্য এবং এর সীমারেখার স্থানিক সনাক্তকরণ – হয় সম্পূর্ণ অনুপস্থিত অথবা অত্যন্ত নিরুৎসাহিত। শহরগুলিতে, অসচ্ছ প্রাতিষ্ঠানিক দায়িত্ব পরিকল্পনা, প্রয়োজনীয় জমির জোগান এবং কর আদায়ের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করে যা জমি এবং অর্থনৈতিক বাজারের উন্নয়নের ক্ষেত্রে বাধা হয়ে ওঠে, সরকারি জমির জবরদখলে সাহস যোগায়, বিনিয়োগ কমায়, এবং সমস্যার সমাধান করতে প্রচুর সময় নেয়। অত্যধিক স্ট্যাম্প ডিউটির ফলে জাল মূল্যায়ন এবং অবৈধ লেনদেনের পরিমাণ বাড়ে, ফলে সঠিকভাবে জমির দাম নির্ণায়ক ক্ষমতা নষ্ট হয়। সরকারি জমিব্যবস্থার অভাব এবং পরিচালন দায়িত্বহীনতা জমির জবরদখল বাড়ায় এবং এই সম্পদের কার্যকরী ব্যবহার কমায়, যা অ-প্রতিযোগিতামূলক পদ্ধতিতে বিনিয়োগকারীদের জমি পাওয়ার সুযোগ কমায় এবং চুক্তি বিধান প্রকাশ বা নিরীক্ষণ করতে ব্যর্থ হয়। সবশেষে, দুর্বল জমি প্রতিবেদনের ফলে বেসরকারি বিনিয়োগকারীদের সরাসরি আলোচনার মাধ্যমে জমিগ্রহণের পরিবর্তে জমি অধিগ্রহণের প্রয়োজন পড়ে।

রাজ্যগুলির কাছে নির্দেশ এবং প্রধান দায়িত্ব রয়েছে নিম্নলিখিত সমস্যা সমাধান করার: রাজ্যের প্রতিবেদনে বেশ কিছু বিষয়ে কিছু প্রস্তাবনা রয়েছে। সেগুলি হল:

- গ্রামীণ জমির লেনদেন-ভিত্তিক হালনাগাদের মাধ্যমে চূড়ান্ত স্বত্বপ্রদান করুন। তার জন্য এইসব পদ্ধতি অনুসরণ করা যেতে পারে, (i) কর্ণাটকের প্রাক-পরিবর্তিত নকশাপদ্ধতিকে অনুসরণ করে প্রতিবেদনের সুসংগতীকরণ এবং নিবন্ধীকরণ এবং মানচিত্র তৈরীর সাপেক্ষে নিবন্ধীকরণ; (ii) জমি হস্তান্তরের ক্ষেত্রে স্বয়ংক্রিয় হালনাগাদিকরণ (পরিবর্তিত) সুনিশ্চিত করে; (iii) সকল জমি-সংক্রান্ত দায় লিপিবদ্ধ করে এবং সরকারি বা বেসরকারি সংস্থাকে এর দায়িত্ব দিয়ে; এবং (iv) স্ট্যাম্প ডিউটি কমিয়ে, বিশেষত রাজস্ব ক্ষতি কমাতে অন্যান্য মূল্যের মাধ্যমে ভারসাম্য বজায় রেখে, উদাহরণস্বরূপ, মূল্যের ভুল দাম দেখানোর সুযোগ কমাতে ভূমি কর বসিয়ে।
- চাহিদা এবং পরিশোধ করার ক্ষমতা অনুযায়ী বাস্তবায়ন ও খরচ পুনরুদ্ধারে অংশগ্রহণের ক্ষেত্রে বেসরকারি ক্ষেত্র সহ স্বল্প মূল্যের চিত্র-ভিত্তিক, নিয়মানুগ এবং অংশগ্রহণমূলক পদ্ধতি ব্যবহার করে সংহত শহুরে তফসিল গঠন করে যা কিনা জমি সংক্রান্ত বিষয়ের বাইরেও ব্যবহার করা যেতে পারে (i) শহরগুলির জমির ব্যবহার এবং সম্প্রসারণের ক্ষেত্রে কার্যকরী নকশা তৈরীর ক্ষেত্রে; (ii) জমি করারোপের মাধ্যমে সরকারি বিনিয়োগ সহজতর করে যা জমির মূল্য বৃদ্ধি করে;

(iii) সরকারি জমি চিহ্নিতকরণ এবং পরিচালন এবং অবৈধ দখলদারি বন্ধ করা; এবং (iv) জমির নিয়মিত এবং নির্ভরযোগ্য প্রতিবেদন তৈরী এবং ভূসম্পত্তি মূল্য সূচকের সাহায্যার্থে বেসরকারি ক্ষেত্রের সিদ্ধান্তগ্রহণ। গ্রামীণ জমির লেনদেন-ভিত্তিক হালনাগাদের মাধ্যমে চূড়ান্ত স্বত্বপ্রদান করুন। তার জন্য এইসব পদ্ধতি অনুসরণ করা যেতে পারে, (i) কর্ণাটকের প্রাক-পরিবর্তিত নকশাপদ্ধতিকে অনুসরণ করে প্রতিবেদনের সুসংগতীকরণ এবং নিবন্ধীকরণ এবং মানচিত্র তৈরীর সাপেক্ষে নিবন্ধীকরণ; (ii) জমি হস্তান্তরের ক্ষেত্রে স্বয়ংক্রিয় হালনাগাদিকরণ (পরিবর্তিত) সুনিশ্চিত করে; (iii) সকল জমি-সংক্রান্ত দায় লিপিবদ্ধ করে এবং সরকারি বা বেসরকারি সংস্থাকে এর দায়িত্ব দিয়ে; এবং (iv) স্ট্যাম্প ডিউটি কমিয়ে, বিশেষত রাজস্ব ক্ষতি কমাতে অন্যান্য মূল্যের মাধ্যমে ভারসাম্য বজায় রেখে, উদাহরণস্বরূপ, মূল্যের ভুল দাম দেখানোর সুযোগ কমাতে ভূমি কর বসিয়ে।

- তথ্যপ্রযুক্তির ব্যবহার করে আন্তঃ-পরিচালিত জমি সংক্রান্ত তথ্যপদ্ধতি তৈরী করা যা মূল জমি নির্দেশক, আভ্যন্তরীণ পরিচালন ব্যবস্থা এবং জমি পরিচালনার উন্নতির জন্য আরও বেশি করে কর্মক্ষমতা-ভিত্তিক পদ্ধতির দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে নিয়মিত প্রতিবেদনের ভিত্তি প্রদান করতে পারে এবং যা ভাগ করে নেওয়া যায় সকল জমি প্রতিষ্ঠানের সাথে।
- যেখানে জমির মূল্য এবং লেনদেন-স্তরীয় প্রমাণের পুনঃজরিপ সম্পন্ন হয়েছে তা চিহ্নিত করতে অন্যান্য তথ্যসহ বিদ্যমান তথ্যের ব্যবহার করা হোক। নিয়মানুগ চিত্র-ভিত্তিক জরিপ এবং তার বিচারের জন্য অংশগ্রহণমূলক পদ্ধতির নকশা তৈরী করা, বেসরকারি ক্ষেত্রের দ্বারা পূর্ণ অথবা আংশিক খরচ পুনরুদ্ধারের সঙ্গে এগুলির বাস্তবায়নের জন্য ব্যবসায়িক মডেল তৈরী করা, এবং আনুপাতিক হার বাড়ানোর আগে কঠিনভাবে তাদের প্রভাবের মূল্যায়ন করা হোক।
- সরকারি জমির জন্য স্থানিক প্রাসঙ্গিক তালিকা তৈরী এবং প্রচার করা হোক এবং, এই প্রক্রিয়ায়, ভবিষ্যতে সরকারি জমির দখলদারি আটকানোর জন্য নতুন নীতি নির্ধারণ করা হোক। সরকারি জমি কখন এবং কেন বেসরকারি হাতে তুলে দেওয়া হবে তা নির্ধারণ করতে একটা মাপকাঠি চালু করা হোক। এই ধরনের হস্তান্তরের ক্ষেত্রে স্বচ্ছ প্রতিযোগিতামূলক পদ্ধতির উপর ভরসা করা, জমি ব্যবহারকারী এবং জনসাধারণ সুফল ভাগ করছে কিনা তা নির্দিষ্ট করা, এবং প্রয়োজনমত চুক্তিমূলক দায়িত্ব প্রতিপালনের নিরীক্ষণ এবং জোরদার করার জন্য সঠিক জায়গায় নতুন পদ্ধতি প্রয়োগ করা হোক।
- এযাবৎ জরিপ না করা ব্যক্তিগত এবং সম্প্রদায় সম্পর্কিত জমি সঠিক মান অনুযায়ী চিহ্নিত করে তার নথিভুক্তিকরণ এবং মানচিত্র তৈরী করা হোক এবং বন এবং রাজস্ব দপ্তরের মধ্যে এব্যাপারে দায়িত্ব নিয়ে

যে অস্পষ্টতা রয়েছে তার সমাধান করা হোক। একে একটি সচেতনতা বৃদ্ধিকারী প্রচারণার সাথে যুক্ত করা হোক এবং এমনভাবে সাম্প্রদায়িক দাবির স্বীকৃতিকে সহায়তা প্রদান করা হোক যাতে বন অধিকার আইনের (এফআরএ) মত সাম্প্রতিক আইনের কার্যকরী ব্যবহার করা যায় এবং চিত্রাবলী-ভিত্তিক পর্যবেক্ষণের প্রভাব যাতে জমির ব্যবহারের ক্ষেত্রেও ব্যবহার করা যায় সেক্ষেত্রে অধেষণ করা হোক।

- 1. আগ্রহী পক্ষের কাছে স্বল্প মূল্যে জমি সংক্রান্ত তথ্য যাতে বিস্তারিত, উচ্চ মানের এবং সহজলভ্য করা যায় তা নির্দিষ্ট করতে জমির অধিকার এবং পরিচালনার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক পরিকল্পনামের সমন্বয় করা হোক। আর্থিকভাবে টেকসই উপায়ে অ-গোপনীয় জমি তথ্য উপলব্ধ করানো সহ গ্রামীণ এবং শহুরে জমির স্বত্বাধিকার তদারক করতে কোন নিবেদিতমনস্ত সংস্থাকে দায়িত্ব দেওয়া হোক। জরিপ এবং মূল্যনির্ধারণ জীবিকায় প্রবেশের বাধা তুলে দেওয়া হোক এবং ৭৩ এবং ৭৪ তম সংশোধনী এবং পঞ্চায়েত (তফশিলি এলাকার প্রসারণ) অ্যাক্ট (পিইএসএ) অনুযায়ী বিশেষ ধরনের জমির দেখাশোনা করার ভার স্থানীয় সংস্থাকে দেওয়া হোক।
- 2. জমির স্বীকৃতি প্রজাহত দরিদ্র জনগণের কাছে সহজলভ্য করার পদ্ধতির মানোন্নয়ন করা হোক এবং ইজারাক্ষেত্রটি কার্যকরী করার ব্যবস্থা উন্নত করা হোক। (i) বিশেষ ধরনের জমির হাতবদলে সীমারেখা তৈরী করা; (ii) অননুমোদিত দখলদারিকে বিধিসম্মত করা; এবং (iii) আসল গ্রাহকের হাতে প্রদান করা জমির অধিকার ফিরিয়ে দেওয়া, এইসব বিষয়ে আইন এবং নিয়মকানূনের খসড়া তৈরীর সময় সীমিত প্রয়োগকারী ক্ষমতা আমলাদের উৎসাহভাতা বিষয়টি যেন মাথায় রাখা হয়।
- 3. মহিলাদের নামে বরাদ্দ বা মঞ্জুর জমির নিবন্ধীকরণ এবং বেসকল বেসরকারি সংস্থা জমি সংক্রান্ত তথ্যে মহিলাদের নাম রাখবে তাদের উৎসাহভাতা দেওয়া ইত্যাদি বিকল্পের খোঁজ করে হিন্দু উত্তরাধিকার আইন সংশোধনীর (এইচএসএএ) প্রচারের মাধ্যমে মহিলাদের জমির মালিকানা বাড়ানোর প্রয়াস করা হোক। উপযুক্ত পর্যবেক্ষণ এবং প্রভাব মূল্যায়নের মাধ্যমে মহিলাদের জমির মালিকানা বৃদ্ধি, এর সম্ভাব্য বিরূপ প্রচারের কারণ অনুসন্ধানের ক্ষেত্রে কার্যকর পছন্দ চিহ্নিত করা হোক এবং রাজ্যগুলিতে এর উপযুক্ত বাস্তবায়ন নিশ্চিত করা হোক।
- 4. আদালতগুলিতে জমি সংক্রান্ত বিরোধের ব্যাপারগুলির ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি নির্ভর কেস ম্যানেজমেন্ট সিস্টেম, তৎসহ জমি বিরোধ মামলাগুলির ক্ষেত্রে সুস্পষ্ট টাইপোলজির ব্যবস্থা ও ব্যবহার করা হোক, যাতে মামলার ভার নিরীক্ষণ এবং নীতিতে কোন ফাঁক থাকলে তা চিহ্নিত করে, প্রয়োজনে তার সমাধান করতে এর ব্যবহার করে সবচেয়ে তাড়াতাড়ি বিরোধ কমানো যায়।

রাজ্যগুলির প্রচুর অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে উন্নতির রাস্তা

নির্ধারণ করা : যদিও এটি একটি উচ্চাভিলাষী বিষয়সূচি বলে হয় মনে হয়, অনেক রাজ্যেই এই বিষয়সূচির পরিপ্রেক্ষিত নিয়ে কাজ করার উদ্যোগ নিচ্ছে, এবং যদি তা নিয়মানুগরূপে পর্যালোচনা করা হয় এবং ভাগ করে নেওয়া হয়, তবে তা মান নির্ণয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পথনির্দেশন প্রদান করতে পারে। পৃথকভাবে রাজ্যগুলি উন্নততর মানচিত্রকরণ এর বাস্তবায়ন ঘটিয়েছে, স্থানিক এবং পাঠগত তথ্যাবলির মধ্যে সমন্বয়সাধন করেছে, স্বয়ংক্রিয় মিউটেশন পদ্ধতি নিশ্চিত করেছে, বিক্রোতার পরিচয়ের প্রমাণ প্রয়োজনীয়তা, জমির মালিকানা, কোন লেনদেনের নিবন্ধনের পূর্বে বিদ্যমান তথ্যাবলি মধ্যে সামঞ্জস্য ঘটিয়েছে, এবং জালিয়াতি রূপে জমি সংক্রান্ত তথ্যাবলিকে কোর্ট এবং ব্যাঙ্কের সাথে সংযুক্ত করেছে। কিছু রাজ্যে কোনোক্রম জমি সংক্রান্ত সমস্যা ছাড়া শহরাঞ্চলের সম্প্রসারণের জন্য নগর পরিকল্পনা স্কিম এবং অন্যান্য উদ্ভাবনী পছন্দ প্রয়োগ করা হয়েছে। বেসরকারি জরিপ ও মূল্যায়নকারীদের জন্য লভাংশ-ভাগের উপর প্রবেশ প্রতিবন্ধক কমালো, সংগতিপূর্ণ মান, নিয়ম প্রবর্তনকারী ক্ষমতা বাড়ানোর উপর জোর দেওয়া হয়েছে। সমস্যাগুলির উপর নজর রাখা ও উচ্চতর স্বচ্ছতার জন্য কিছু রাজ্য কোর্ট এবং সরকারি জমি পরিচালন ব্যবস্থাকে কম্পিউটারাইজড করেছে। তবে প্রায়শই এই বিভিন্ন উদ্ভাবনী পদ্ধতির থেকে শিক্ষা গ্রহণ করা, তা ভাগ করে নেওয়া হয় না, এবং বেশিরভাগ কাজই সাময়িক পদ্ধতিতে করা এবং তা ভালোভাবে ন্যায্যতা প্রতিপাদনকারী ও ক্রমানুযায়ী নয়। প্রায়শই এগুলি পদ্ধতিগতভাবে নিরীক্ষণ করা হয় না বা লিখিত প্রতিবেদন তৈরী করা হয় না যা এর প্রভাবকে পরিষ্কারভাবে মূল্যায়ন করবে, ফলে এর থেকে শিক্ষা নেওয়ার এবং এই উদ্ভাবনী পদ্ধতিগুলোর প্রচারের সুযোগ কমে।

জমি বিষয়সূচিকে সমর্থন জোগাতে জাতীয় পর্যায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে :

রাজ্যের দায়িত্বের উপর জোর দেওয়ার মানে কিন্তু কেন্দ্রের দায়িত্ব অনাবশ্যক হয়ে গেল তা নয়, বরং তাদের উপর বিভিন্ন ধরনের দায়িত্ব বর্তায়, যেমন ব্যয়ের ক্ষেত্রে আরও বেশি ক্ষমতা-হস্তান্তরের যে বর্তমান প্রক্রিয়া চালু হয়েছে তা ধারাবাহিক রাখা। এর মধ্যে রয়েছে (i) প্রশাসনিক তথ্য ব্যবহার করে এমনভাবে রাজ্যের কর্মক্ষমতা নিরীক্ষণ করা যা "কর্মে নিযুক্ত" এই ভাবমূর্তির উপর ভিত্তি করে তৈরী, ফলাফল পরীক্ষা করে প্রতিশ্রুতিমান উদ্ভাবনগুলিকে চিহ্নিত করা এবং এই তথ্যগুলি ব্যবহার করে রাজ্যের জন্য পদ্ধতি তৈরী করা যাতে এই কর্মপ্রবাহকে পরিচালনা করা যায় এবং বিভিন্ন স্তরে অনিচ্ছাকৃত ত্রুটিগুলি নির্মূল করা যায়; (ii) জমির অস্তিত্বের দৃশ্যমানতা বৃদ্ধি করা, গ্রামীণ এবং শহুরে জমি মালিকানা তথ্যাবলি উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিক খণ্ডাংশে বন্ডিত কাজের সমস্যা দূর করা, গোপনীয়তা লঙ্ঘন না করে আগ্রহী সরকারি এবং বেসরকারি পার্টির কাছে কিকরে এই তথ্য সহজলভ্য করা যায় তার উপায় চিহ্নিত করা; এবং (iii) কেন্দ্রীয় সহায়তাকে আরও বেশি ফলাফল-ভিত্তিক করে এবং সেটিকে একটি সবল পদ্ধতিতে ভালোভাবে সংজ্ঞায়িত বিষয়গুলির জন্য উদ্ভাবনী

পদ্ধতিগুলিকে পরীক্ষা করার ক্ষেত্রে নজর দেওয়ার কাজে ব্যবহার করে বিস্তৃতভাবে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করা।

রাজ্যের কর্মক্ষমতা নিরীক্ষণ : নির্দিষ্ট ফলাফল সূচক ব্যবহার করা হলে লক্ষ্য স্থির রাখতে এবং রাজ্যের প্রচেষ্টাকে সঠিক দিকে চালিত করতে সুবিধা হয়, এবং, প্রতিযোগিতা তৈরী করলে, শুধুমাত্র সমস্যার পরিমাণ নির্ণয় করা এবং তা সমাধানের জন্য বিষয়গুলিতে হস্তক্ষেপের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণে সুবিধা হয়, কার্যোপযোগী খরচ এবং মাননির্ধারণকারী পছন্দ চিহ্নিত করার ক্ষেত্রেও, ভালো কাজকে প্রমাণসহ ভাগ করে নেওয়া এবং রাজ্যগুলির মধ্যে মতবিনিময়ের বিষয়কে উন্নত করে। এর ফলে রাজ্যগুলির মধ্যে ভাগ করে নেওয়া প্রতিশ্রুতিমান উদ্ভাবনগুলি যাতে নজর এড়িয়ে না যায় বা বাতিল না হয়ে যায় সেটা এড়ানো যাবে। এলজিএএফ টেকনিকাল অ্যাডভাইসারি গ্রুপ এবং রাজ্য সমন্বয়কারীদের মধ্যে আলোচনার ফলে পাঁচটি সূচকের একটি সেট এই ক্ষেত্রে ব্যবহার করার জন্য চুক্তি হয়েছে:

1. **জমি মালিকানা সহ ভূমি মানচিত্রকে স্পষ্টভাবে নথিভুক্ত করা :** তফশিলভুক্ত মানচিত্রের অভাব এবং তৎসহ মালিকানা সংক্রান্ত নথির অভাব সব ধরনের জমির ক্ষেত্রেই প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে, বিশেষত শহুরে জমির ক্ষেত্রে। কোন বিষয়ে হস্তক্ষেপের ক্ষেত্রে পরিকল্পনা এবং অগ্রাধিকার নির্ধারণ করতে, এর ব্যাপকতা পরিমাপের ক্ষেত্রে প্রয়োজন হবে দস্তরগুলির মধ্যে তথ্য ভাগাভাগি যা তারপর জমি ব্যবহারের (চিত্রভিত্তিক) এবং অন্যান্য বৈশিষ্ট্যাবলীর সাথে যুক্ত করা যায়।
1. **জমির সংখ্যা যার স্থানিক এবং পাঠগত প্রতিবেদন রয়েছে :** এই সূচকটি মানচিত্রের অস্তিত্বে এবং পাঠগত প্রতিবেদনের সাথে সমন্বয়ের ব্যাপ্তি বাড়ানোর ক্ষেত্রে জোর দেয়, এবং তথ্যাবলি কম্পিউটারে রাখা থাকলে সহজেই পাওয়া যায়। পদ্ধতিগত পুনঃ-জরিপ বা মিউটেশন সাপেক্ষ একটি প্রাক-পরিবর্তিত নকশা তৈরী করে এর উন্নতিসাধন করা যায়। এটি তৈরী করতে ব্যবহৃত তথ্যাবলি কোন পদ্ধতি বেশি উপযুক্ত তা নির্ধারণে সাহায্য করতে পারে।
1. **নিবন্ধিত বনাম পরিবর্তিত লেনদেন :** প্রচুর পরিমাণে জমে থাকা মিউটেশন, সম্ভবত অত্যধিক স্ট্যাম্প ডিউটি বা নিবন্ধীকরণ সম্পর্কে না জানার জন্য, এর ধারণক্ষমতা এবং সিস্টেমের রেওয়াজকে নষ্ট করে এবং জালিয়াতি হওয়ার ঝুঁকি বাড়ায়। তথ্যাবলি এবং নিবন্ধীকরণের মধ্যে অনলাইন সংযোগ তৈরী করার মাধ্যমে একটা কম্পিউটারাইজড ব্যবস্থা গড়ে তুললে এই সূচকটির মানোন্নয়ন সহজেই করা যায়।
1. **কর মানচিত্র এবং ভূমিকর সংগ্রহ দক্ষতার মাধ্যমে অন্তর্ভুক্তিকরণ :** মনে করা হচ্ছে এটি এলজিইউ দ্বারা নিজস্ব রাজস্ব কম সংগ্রহ, কর মানচিত্রের মাধ্যমে অন্তর্ভুক্তিকরণের পরিমাণ বাড়ানো, সুপরিবর্তিত

প্রক্রিয়াময় মালিকানা সংক্রান্ত তথ্যাবলির সাথে সম্ভাব্য সংযুক্তি, একটি একাধিক লক্ষ্যবিশিষ্ট তফসিল প্রতিষ্ঠার জন্য একটি স্ব-অর্থায়ন ও শাসন-উন্নত উপায় হতে পারে। এই সূচকে ব্যবহৃত তথ্য স্ট্যাম্প ডিউটি কমাতে রাজস্ব-নিরপেক্ষ পদ্ধতি খুঁজতে সাহায্য করতে পারে, যা অপ্রতিষ্ঠানিক লেনদেন বা বিক্রয় মূল্যের বৈঠক প্রতিবেদনের ক্ষেত্রে উৎসাহ দিতে পারে।

- 1. **জমে থাকা বিভিন্ন ধরনের সমস্যা :** ঘটনা প্রবাহ নিয়ন্ত্রণ এবং কর্মক্ষমতা পরিমাপের জন্য কোর্টকে একটা সাধনী প্রদান করার বাইরেও, এই সূচকটি ঘটনার মূল্যায়ন এবং সমস্যার অর্থনৈতিক প্রভাব নির্ধারণের ক্ষেত্রে, যেসব ক্ষেত্রে আইন ও নিয়মকানুন ব্যাখ্যা করার প্রয়োজন তা অগ্রাধিকারসহ চিহ্নিত করা এবং এইসব কাজের প্রভাব পরিমাপ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। সামান্য অতিরিক্ত প্রচেষ্টার মাধ্যমে তথ্য জোগাড় করা সম্ভব।

একটি সক্রিয় পরিবেশ তৈরী করা হোক যা প্রাতিষ্ঠানিক স্বত্বাংশ কর্মসমস্যাকে অতিক্রম করতে পারে: ইতিবাচক উদাহরণের প্রচার এবং সংস্কার প্রচেষ্টা দ্বারা জমি দৃশ্যমানতা বৃদ্ধির কাজে একটি উচ্চ পর্যায়ের কারিগরি দলের সহায়তা, তৎসহ উপরোক্ত জমি সূচকগুলির নিয়মিত প্রচার, জমি সংক্রান্ত দ্বন্দ্বমূলক জিরো-সাম সমস্যার ধারণাকে অতিক্রম করতে সাহায্য করতে পারে। এই সম্পর্কিত প্রতিষ্ঠানগুলিকে একত্রে আনা (ভূমি সম্পদ দস্তর, পরিবেশ ও বন মন্ত্রক, উপজাতি বিষয়ক মন্ত্রক এবং নগরোন্নয়ন মন্ত্রক), বিভিন্ন বিষয়ে প্রভাব সৃষ্টিকারী বিষয় এবং পদ্ধতিগত বিষয়ে প্রযুক্তিগত নেতৃত্ব এবং ধারাবাহিকতা প্রদান, কর্মক্ষমতার লক্ষ্যমাত্রা স্থির করা, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বাস্তবায়ন ক্ষমতা ও খ্যাতি বৃদ্ধি করার উপায় চিহ্নিত করার চেষ্টা করার প্রয়োজন রয়েছে, প্রয়োজন হলে অন্যান্য রাজ্যেও এলজিএএফ-এর মাধ্যমে এই কাজগুলি করা সম্ভব। পরিশেষে, আন্তঃ-পরিচালিত তথ্য মান প্রতিষ্ঠা এবং যেসবক্ষেত্রে আদেশনামা রয়েছে (উদাহরণস্বরূপ, রেজিস্ট্রেশন অ্যাঙ্ক বা ই-গভর্নেন্সের জন্য আইনি কাঠামো) সেখানে আইনি ফাঁকগুলি নির্মূল করার ক্ষেত্রে কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।

কর্মক্ষমতা এবং সামাজিক কল্যাণের উপর ভিত্তি করে সরকারি সম্পদ বরাদ্দ করা : রাজ্যের দায়িত্ব এবং নির্দিষ্টতা সত্ত্বেও, কিছু সাধারণ সমস্যা বিভিন্ন রাজ্যের ক্ষেত্রেই দেখা যায়, যেমন (i) আপে জরিপ হয়নি এমন গ্রামীণ অঞ্চলে জীবিকার এবং জমি ব্যবহারের ব্যক্তিগত এবং জাতিভিত্তিক নিদর্শনে চিহ্নিত করা মত করে জমি তথ্য তৈরী করা; (ii) সরকারি জমির জন্য বর্ণনামূলক তালিকা নির্মাণ, সীমা নির্দেশন এবং পরিচালনা দায়িত্বের স্পষ্ট বর্ণনা; (iii) গ্রামীণ তথ্যাবলি যেখানে হয় রক্ষণাবেক্ষণ করা হয়নি বা অত্যন্ত পুরানো হয়ে গেছে, সেই প্রেক্ষিতে তার হালনাগাদকরণ ও স্থানিক উন্নয়ন; (iv) শহরায়নের বস্তি নয় এমন জায়গায় অবস্থিত

জমি ব্যবহারের তথ্যাবলির উপর ভিত্তি করে স্থানিক এবং পাঠগত তথ্যাবলি তৈরী এবং মালিকানা সংক্রান্ত কাগজপত্র প্রেরণ করা; (v) বিধিবহির্ভূত জনবসতিগুলির অংশগ্রহণমূলক পরিকল্পনা, মানচিত্র নির্মাণ এবং তার ভোগস্বত্বাধিকারের মানোন্নয়ন; এবং (vi) গ্রামীণ এবং শহরাঞ্চলে গরীবদের জন্য জমি পাওয়ার ব্যাপারটা নিশ্চিত করা। যদি রাজ্যগুলি উৎসাহী হয়, এগুলির প্রত্যেকটির জন্য একগুচ্ছ পাইলট প্রজেক্টের যত্নসহকারে নকশা নির্মাণ, বাস্তবায়ন এবং মূল্যায়ন করার ক্ষেত্রে কেন্দ্রীয় তহবিল ব্যবহার করতে, তাহলে এলজিএএফে চিহ্নিত করা বিদ্যমান রাজ্য উদ্যোগ এবং সু-অনুশীলন অনুকরণ করা উচিত, তবে তা সবথেকে আশাপ্রদ পন্থায় দ্রুততার সাথে জ্ঞানের শক্তিসমর্থ ভিত্তি উৎপন্ন করবে, যা ভবিষ্যতে আরো বৃদ্ধিও করা যাবে। এটি যখন প্রামাণ্য ভূমি তথ্য ব্যবস্থা তৈরীর ভিত্তি স্থাপন করবে তখনই প্রয়োজনীয় পরিবর্তন উৎপন্ন করবে এবং সূচকগুলির লক্ষণীয়ভাবে উন্নতি ঘটাবে।

বেশ কিছু পরবর্তী পদক্ষেপ রয়েছে যা অবিলম্বে নিতে হবে : অংশীদারদের সঙ্গে যৌথভাবে সরকার অস্বীকারবদ্ধ যে, ব্যবসায়িক পরিবেশ চিহ্নিত করা এবং উন্নত করার মাপকাঠির বাস্তবায়ন করা এবং কেন্দ্রীয় স্কিমের এই পর্যালোচনা তিনটি ক্ষেত্রে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য একটি সুযোগ এনে

দেয়: প্রথমত, একটি প্রধান জাতীয় সংস্থাকে জমি শাসনব্যবস্থা পর্যবেক্ষণ সূচক সংক্রান্ত পরিকল্পনা, পরিচালনা এবং পর্যালোচনার দায়িত্ব দেওয়া হোক, যা তারা এমনভাবে করবে যাতে যেভাবে রাজ্যগুলি রাজ্যস্তরে জমি শাসনব্যবস্থাকে উন্নত করতে এলজিএএফের প্রস্তাবনা অনুসরণ করে সেইভাবেই এর লিখিত বিবরণ তৈরী করা যায়, এবং একই সময়ে আর্থহী রাজ্যগুলিতে “কর্মে নিযুক্ত” সংস্কার বিষয়সূচিকে প্রতিপালন এবং উন্নীত করতে সাহায্য করবে। দ্বিতীয়ত, জমি সূচকের প্রচারের জন্য একটি সম্ভাব্য স্টিয়ারিং কমিটির গঠন সহ, প্রাতিষ্ঠানিক খণ্ডাংশ কর্মব্যবস্থা সমস্যা অতিক্রম করতে, ইতিবাচক উদাহরণগুলোকে তুলে ধরতে এবং জমি খাতের কারিগরি দক্ষতা এবং সুনাম বাড়াতে ব্যবস্থা গ্রহণ করা উচিত। পরিশেষে, বিষয়গুলির ক্ষেত্রে নতুন পন্থা পরিচালনা করার সুযোগগুলি সনাক্তকরণ করে এমনভাবে তা লক্ষণীয় করে তোলা যা এলজিএএফের মূল্যায়নের উপর ভিত্তি করে তৈরী এবং রাজ্য জুড়ে সহযোগিতা পোষণ করে এবং তৎসহ এর প্রভাবের কঠোর মূল্যায়ন যাতে তা পরবর্তী উন্নয়নের জন্য বৃহত্তর শিক্ষাগ্রহণ করতে পারে।

১. ভূমিকা এবং পটভূমি

জমি সমস্যা ভারতের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে : জমির অধিপনামতা বিনিয়োগ ও বৃদ্ধি, সুবিচার, দরিদ্র মানুষের মর্যাদা, নারীর ক্ষমতামূল্য, এবং সুযোগের সমতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্রিটিশ রাজত্বে, রাজস্ব উৎপাদনের ক্ষেত্রে জমির একটা বড় ভূমিকা ছিল, যা প্রায়ই অত্যন্ত অসম ক্ষমতার পুনর্বহাল ঘটাত। স্বাধীনতার পর, সেইসব ঔপনিবেশিক উত্তরদায় থেকে মুক্ত হতে সংস্কারের নীতি গৃহীত হয়েছে। মধ্যস্থতাকারীদের বিলোপ করা স্বাভাবিক, অস্থানিহিত রাজনৈতিক অর্থনীতি, পর্যবেক্ষণের ক্ষেত্রে ধরাবাহিকতার অভাব বা একেবারেই না হওয়া এবং প্রাথমিক জমি প্রশাসনকে অবহেলা করার ফলে প্রকৃত বাস্তবায়ন প্রত্যাশার তুলনাই অনেকটাই কম হয়েছে।

ভারতের জমি ব্যবস্থার উপর নগরায়ন এবং শিল্পায়ন অস্বাভাবিক মাত্রায় নতুন ধরনের চাপ সৃষ্টি করেছে : যদিও ভারতে এখনও প্রধানত গ্রাম ভিত্তিক সমাজ বর্তমান, ভবিষ্যতে দ্রুত পরিবর্তন হবে বলে অনুমান করা হচ্ছে। ২০৩০ সাল নাগাদ শহরের জনসংখ্যা আরও ২০০ মিলিয়ন বৃদ্ধি পাবে বলে মনে করা হচ্ছে, যার ফলে শুধুমাত্র বসবাসের জন্যই অতিরিক্ত ৮ মিলিয়ন হেক্টর জমির প্রয়োজন হবে। পরিকাঠামো এবং শিল্পের দ্রুত বৃদ্ধি সহজেই এই চাহিদাকে দ্বিগুণ করে দিতে পারে, যার মোট পরিমাণ হবে বর্তমান কৃষিজমির প্রায় ১০ শতাংশ (১৫২ মিলিয়ন হেক্টর)। বেড়ে চলা খাদ্যের চাহিদা এবং জমির অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত মানের সম্ভাব্য ক্ষতি সামলাতে কৃষিজমির উৎপাদনশীলতা যতক্ষণ না উল্লেখযোগ্য পরিমাণে বাড়ানো হচ্ছে, জমির ব্যবহারে এই ব্যাপক পরিবর্তনের ফলে খাদ্য সঙ্কট, জাভার চাহিদা, পরিবেশগত সমস্যা, সামাজিক পরিবর্তন, অসাম্য এবং দ্বন্দ্ব বাড়িয়ে তুলতে পারে। এই সমস্ত কিছু সমৃদ্ধির বণ্টন এবং দারিদ্র্য দূরীকরণের সম্ভাবনাকে দুর্বল করে দিতে পারে।

ভারতের জমি সংক্রান্ত প্রতিষ্ঠানগুলি এই সমস্যাগুলির সমাধানের ক্ষেত্রে আশানুরূপ কাজ করেনি : যদিও ভারতের ইতিহাসে নীতি নির্ধারণই বিতর্কে জমি সবসময়ই একটি গুরুত্বপূর্ণ বিষয় ছিল, তবে পদ্ধতিগত-ভাবে সমস্যাগুলির মোকাবিলা না করে

এবং প্রাতিষ্ঠানিক চিরাচরিত সীমারেখাকে অতিক্রম করার চেষ্টা না করে বেশিরভাগ সময়ই গাময়িক পদ্ধতিতে, নির্দিষ্ট চ্যুতিগুলি দূর করার উপরই নজর বেশি ছিল। বিশেষত, জমির সর্বোচ্চ উৎপাদনশীল ব্যবহারের জন্য বাজার জমির মূল্যের সঙ্কেতে সাড়া দিতে জোর দেয় কিন্তু এছাড়াও জটিল আইন তৈরী করা হয়েছে যা প্রায়শই নিজেদের মধ্যে অসামঞ্জস্যপূর্ণ এবং তা প্রয়োগ করা অত্যন্ত কঠিন, বিশেষত যেসব ক্ষেত্রে অস্থানিহিত জমি সংক্রান্ত তথ্য দুর্বল বা পুরনো হয়ে গেছে এবং এর ফলে প্রতিষ্ঠানগুলির সাড়া দেওয়ার ক্ষমতা ক্ষতিগ্রস্ত হয়েছে। নতুন উঠে আসা বাধাগুলি, জমির ব্যবহারের কার্যকারিতা, বিনিয়োগে সাহায্য, কর্মসংস্থান, কৃষি উৎপাদনশীলতা, নগরায়ন, পরিকাঠামোতে বিনিয়োগ, আবহাওয়ার স্থিতিবস্থা এবং দুর্যোগ মোকাবিলা ইত্যাদির মত সমস্যা গুরুত্ব সহকারে দেখা তাই ভারতের জন্য খুবই জরুরী। বেহেতু জমি রাজ্যের বিষয়, ফলে কেন্দ্রের উদ্যোগী হওয়ার সুযোগ সীমিত। সেই সাথে, রাজ্যস্বরে দায়িত্ব নেওয়া নতুন আবিষ্কারের সুযোগ বহুগুণ বাড়িয়ে দিতে পারে, কিন্তু সেই আবিষ্কারগুলিকে অন্যান্য রাজ্যে ব্যবহারের উপযোগী করে তোলা এবং জাতীয় স্তরে তার আনুপাতিক বৃদ্ধির জন্য বিশেষণ এবং প্রক্রিয়ার প্রয়োজন যা রাজ্যগুলির মধ্যে ভালোভাবে ভাগ করে নেওয়া যাবে।

অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় জমি সংক্রান্ত বিষয়গুলি বিশেষণ করার জন্য হয়টি রাজ্য এলজিএএফের স্ব-মূল্যায়ন পদ্ধতি প্রয়োগ করেছে : প্রযুক্তিগত জটিলতা, ত্রুশ-কাটিং প্রবৃত্তি এবং জমি বিষয়ে রাজনৈতিক সংবেদনশীলতাকে ঠিকভাবে চিনতে রাজ্যের বিশেষভাবে যোগদান প্রয়োজন। সেই কারণে হয়টি রাজ্য এলজিএএফ, যা বিশ্বব্যাঙ্ক এবং তার সহযোগীদের দ্বারা তৈরী এলজিএএফ প্রক্রিয়ায়, তা সম্পাদন করতে সাহায্যের জন্য আবেদন করবে বলে ঠিক করেছে। জাতীয় নীতির জন্য অন্যান্য রাজ্যের অভিজ্ঞতার থেকে শেখার সম্ভাব্যতা এবং বাধা ও সু-অনুশীলনকে চিহ্নিত করে, ভূমি তথ্য দপ্তর (ডিওএলআর) এই পদ্ধতিকে এবং জাতীয় স্তরে বিশিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে একটা টেকনিক্যাল অ্যাডভাইসারি গ্রুপ (টিএজি) তৈরী করাকে

প্রবলভাবে সহায়তা প্রদান করেছে। প্রতিটি অংশগ্রহণকারী রাজ্যে, রাজস্বের বিস্তারিত এলজিএএফ প্রতিবেদন তৈরী করা হয়েছে, সরকারি কর্মশালায় তা যাচাই করা হয়েছে এবং পরবর্তী পদক্ষেপের ব্যাপারে রাজী করানোর জন্য নীতিনির্ধারণকারীদের সাথে আলোচনাও করা হয়েছে। এই জাতীয় সারাংশ প্রতিবেদনের লক্ষ্য হল সাধারণ বিষয়গুলিকে চিহ্নিত করা যা অনেক রাজ্যের দেখা দিয়েছে এবং, জাতীয় স্তরে নীতির অর্থপ্রকাশ, অগ্রগতি পর্যবেক্ষণ, এবং অভিজ্ঞতা ভাগ করা, পরবর্তী পদক্ষেপের দিকে নজর দেওয়া (অন্যান্য রাজ্যে এলজিএএফের সম্ভাব্য ব্যবহার সহ) যা এই প্রক্রিয়া থেকে পাওয়া যাবে তার উপর নির্ভর করে তৈরী হতে পারে এই সবকিছুর প্রভাব নিম্নোক্তের মাধ্যমে।

এই ফলাফল কিছু সার্বজনীন বাধার দিকে নির্দেশ করে : রাজ্যগুলির মধ্যে কিছু বাধা ধারাবাহিক ভাবে উঠে এসেছে : প্রাথমিক ভূমি প্রতিবেদন - ভূমি সংক্রান্ত প্রাথমিক নথিপত্র - তৎসহ লিখিত হালনাগাদ তথ্য এবং এর সীমারেখার স্থানিক সনাক্তকরণ - হয় সম্পূর্ণ অনুপস্থিত অথবা অত্যন্ত নিরুন্নতির। শহরাঞ্চলে, অক্ষয় প্রাতিষ্ঠানিক দায়িত্ব পরিকল্পনা তৈরী করা এবং কর আদায় কাঠিন করে তুলে সমাজের ক্ষতি করেছে, যা জমি এবং অর্থনৈতিক বাজারের উন্নয়নের ক্ষেত্রে বাধা হয়ে ওঠে, সরকারি জমির জবরদখলে সাহস যোগায়, এবং সমস্যা বাড়ায় যা বিনিয়োগ কমাতে, এবং সমাধান করতে প্রচুর সময় নেয়। অত্যধিক স্ট্যাম্প ডিউটির ফলে জাল মূল্যায়ন এবং অবৈধ লেনদেনের পরিমাণ বাড়ে, ফলে সঠিকভাবে জমির দাম নির্ণায়ক ক্ষমতা নষ্ট হয় এবং দুর্নীতির সুযোগ তৈরী করে। জমির ইজারা দেওয়ার ক্ষেত্রে বিধিনিষেধ যেটিকে অনেক আগেই সমর্থন করা হয়েছে গরীবদের জমি পাওয়া এবং তার সম্ভাব্যতা অনুযায়ী ব্যবহার করাকে কাঠিন করে তোলে। এবং সঠিকভাবে নিয়ন্ত্রণ ও প্রশাসনিক কার্যাবলী সম্পাদনের জন্য জমি মালিকানা এবং তার সর্বোত্তম ব্যবহারের জন্য বাজার মধ্যস্থতায় বদলকে চিহ্নিত করার প্রয়োজনীয়তার সরকারি ক্ষেত্রের এই ক্ষমতা সময়ের সাথে সাথে গভীরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে: বেশিরভাগ রাজ্যেই রাজস্ব দপ্তর খুবই অল্প রাজস্ব আদায় করে এবং যেসকল বিষয়গুলির সাথে ভূমি প্রশাসন এবং পরিচালনের কোন সম্পর্ক নেই সেইসকল বিষয়ের পিছনে বেশিরভাগ সময় ব্যয় করে।

এই প্রক্রিয়া বেশ কিছু নতুন উদ্ভাবন কে তুলে ধরে : অনেকগুলি রাজ্য মানচিত্রাঙ্কনের উন্নতি, পাঠ্যগত সহ স্থানিক তথ্যাবলির সামঞ্জস্য-বিধান, মালিকানার প্রমাণপত্র দাবি করা এবং লেনদেনের নথিভুক্তির আগে তথ্যাবলির ক্ষেত্রে সমন্বয় বজায় রেখে স্বয়ংক্রিয় মিউটেশনের ব্যবস্থা সুনিশ্চিত করা এবং জালিয়াতি রুখতে ব্যাঙ্ক এবং কোর্টের সাথে জমি সংক্রান্ত তথ্যের সংযুক্তিকরণের মধ্যে দিয়ে এই পার্থক্যগুলির সুরাহা করার লক্ষ্য নিয়েছে। নগরায়নের বিস্তারের জন্য দুটি নগর পরিকল্পনা পদ্ধতি সফল ভাবে প্রয়োগ করা হয়েছে যেখানে জমি অধিগ্রহণের ক্ষেত্রে কোন অত্যন্ত দ্বন্দ্বমূলক পদ্ধতির

প্রয়োজন নেই। কোর্ট এবং সরকারি জমি পরিচালন ব্যবস্থাকে কম্পিউটারাইজড করা হয়েছে যাতে সমস্যাগুলিকে ভালোভাবে নজর করা যায় এবং সবকিছু অনেক বেশি স্বচ্ছ হয়। এই ধরনের সংস্কারের প্রচেষ্টাগুলি থেকে প্রায়শই কোনরকম শিক্ষা নেওয়া হয় নি এমনকি সেই রাজ্যগুলিতেও যেখানে এগুলিকে মাপকাঠি হিসাবে গ্রহণ করা হয়েছে, যেহেতু এগুলি ভালোভাবে অনুক্রম অনুযায়ী, সঠিক প্রতিপাদন-যোগ্য বা ঠিকভাবে নথিভুক্ত নয় যাতে এগুলির প্রভাবের সুস্পষ্ট বাহ্যিক প্রকাশ লক্ষ্য করা যায়। যার ফলে এর থেকে কোনরকম শিক্ষাগ্রহণ এবং অন্যান্য রাজ্যে এর প্রচারের সুযোগ কমে। এলজিএএফ প্রক্রিয়ার থেকে একটা পরিজ্ঞান লাভ করা গেছে যে এমনকি "উন্নত" রাজ্যগুলিও পিছিয়ে পরা রাজ্যগুলি থেকে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নেওয়া বা সংস্কারের কাজ থেকে অনেককিছু শিখতে পারে; এবং বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ একত্রে নেওয়া হলে তা ভারতে জমি প্রশাসনের উন্নতির জন্য প্রয়োজনীয় বিভিন্ন উপাদানের যোগান দিতে পারে।

সার্বজনীন বাধাগুলি কাটানোর ক্ষেত্রে রাজ্যগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে : রাজ্যগুলির প্রতিবেদন একাধিক বিষয়ে বিভিন্ন সার্বজনীন ক্ষেত্রে পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে দিকনির্দেশ করেছে যেগুলি, সব রাজ্যেই সমস্যা-রূপে আত্মপ্রকাশ করেছে, যেমন :

- ▶ তথ্যাবলির লেনদেন-ভিত্তিক হালনাগাদ করার মাধ্যমে গ্রামীণ জমির জন্য চূড়ান্ত স্বত্বের ব্যবস্থা করার দিকে অগ্রসর হতে (i) কর্ণটিকের প্রাক-মিউটেশন নকশা-পদ্ধতিকে অনুসরণ করে প্রতিবেদনের সুসংগতিকরণ এবং নিবন্ধীকরণ এবং মানচিত্র তৈরীর সাপেক্ষে নিবন্ধীকরণ; (ii) জমি হস্তান্তরের ক্ষেত্রে স্বয়ংক্রিয় হালনাগাদিকরণ (পরিবর্তিত) সুনিশ্চিত করে; (iii) সকল জমি-সংক্রান্ত দায় লিপিবদ্ধ করে এবং সরকারি বা বেসরকারি সংস্থাকে এর দায়িত্ব দিয়ে; এবং (iv) মূল্যের জাল দাম দেখানোর সুযোগ কমানোর জন্য স্ট্যাম্প ডিউটি কমিয়ে, বিশেষত রাজস্ব ক্ষতি কমাতে অন্যান্য মূল্যের মাধ্যমে ভারসাম্য বজায় রেখে, যেমন, ভূমি কর বসানো।
- ▶ চাহিদা এবং পরিশোধ করার ক্ষমতা অনুযায়ী বাস্তবায়ন ও খরচ পুনরুদ্ধারে অংশগ্রহণের ক্ষেত্রে বেসরকারি ক্ষেত্র সহ স্বল্প মূল্যের চিত্র-ভিত্তিক, নিয়মানুগ এবং অংশগ্রহণমূলক পদ্ধতি ব্যবহার করে সংহত শহুরে তফশিল গঠন করে যা কিনা জমি সংক্রান্ত বিষয়ের বাইরেও ব্যবহার করা যেতে পারে (i) শহরাঞ্চলের জমির ব্যবহার এবং সম্প্রসারণের ক্ষেত্রে কার্যকরী নকশা তৈরীর ক্ষেত্রে; (ii) জমি করারোপণের মাধ্যমে সরকারি বিনিয়োগ সহজতর করে যা জমির মূল্য বৃদ্ধি করে; (iii) অবৈধ দখলদারি বন্ধ করা সহ সরকারি জমি চিহ্নিতকরণ এবং পরিচালন; এবং (iv) জমির নিয়মিত এবং নির্ভরযোগ্য প্রতিবেদন তৈরী এবং ভূসম্পত্তি মূল্য সূচকের সাহায্যার্থে বেসরকারি ক্ষেত্রের সিদ্ধান্তগ্রহণ।

- যেখানে জমির মূল্য এবং জমি বাজারে লেনদেন-স্তরীয় প্রমাণের পুনঃজরিপ সম্পন্ন হয়েছে তা চিহ্নিত করতে অন্যান্য তথ্যসহ বিদ্যমান তথ্যের ব্যবহার করা হোক। নিয়মানুগ চিত্র-ভিত্তিক জরিপ এবং তার বিচারের জন্য অংশগ্রহণমূলক পদ্ধতির নকশা তৈরী করা, বেসরকারি ক্ষেত্রের দ্বারা পূর্ণ অথবা আংশিক খরচ পুনরুদ্ধারের সঙ্গে এগুলির বাস্তবায়নের জন্য ব্যবসায়িক মডেল তৈরী করা, এবং আনুপাতিক হার বাড়ানোর আগে কঠিনভাবে তাদের প্রভাবের মূল্যায়ন করা হোক।
- সরকারি জমির জন্য স্থানিক প্রাসঙ্গিক তালিকা তৈরী এবং প্রচার করা হোক এবং এটা করার সাথে, সরকারি জমির দখলদারি আটকানোর জন্য স্পষ্ট নীতি নির্ধারণ করা হোক। সরকারি জমি কোন ক্ষেত্রে অথবা কেন বেসরকারি হাতে তুলে দেওয়া হবে তা নির্ধারণ করতে স্পষ্ট মাপকাঠি চালু করা হোক। এই ধরনের হস্তান্তরের ক্ষেত্রে প্রতিযোগিতামূলক এবং স্বচ্ছ পদ্ধতির উপর ভরসা করা হোক, স্থানীয় জমি ব্যবহারকারী এবং জনসাধারণ যাতে সুফলের বেশিরভাগটা পাচ্ছে তা নিশ্চিত করা হোক, এবং প্রয়োজনমত চুক্তিমূলক দায়িত্ব প্রতিপালনের নিরীক্ষণ এবং জোরদার করার জন্য সঠিক জায়গায় নতুন পদ্ধতি প্রয়োগ করা হোক।
- এযাবৎ জরিপ না করা ব্যক্তিগত এবং সম্প্রদায়-সম্পর্কিত জমি সঠিক মান অনুযায়ী চিহ্নিত করে তার নথিভুক্তিকরণ এবং মানচিত্র তৈরী করা হোক এবং বন ও রাজস্ব দপ্তরের মধ্যে এব্যাপারে এই ধরনের জমির স্বত্ব প্রদানের দায়িত্ব নিয়ে যে অস্পষ্টতা রয়েছে তার সমাধান করা হোক। একে একটি সচেতনতা বৃদ্ধিকারী প্রচারণার সাথে যুক্ত করা হোক এবং এমনভাবে সাম্প্রদায়িক দাবির স্বীকৃতিকে সহায়তা প্রদান করা হোক যাতে এফআরএ-র মত সাম্প্রতিক আইনের কার্যকরী ব্যবহার করা যায় এবং চিত্রাবলী-ভিত্তিক পর্যবেক্ষণের প্রভাব যাতে জমির ব্যবহারের ক্ষেত্রেও ব্যবহার করা যায়, সেক্ষেত্রে অবশেষ করা হোক।
- আগ্রহী পক্ষের কাছে স্বল্প মূল্যে জমি সংক্রান্ত তথ্য যাতে বিস্তারিত, উচ্চ মানের এবং সহজলভ্য করা যায় তা নির্দিষ্ট করতে জমির অধিকার এবং পরিচালনার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক পরিকাঠামোর সমন্বয় করা হোক। আর্থিকভাবে শক্তিশালী বানায় এরকম মডেলের সাথে সংযুক্তি ঘটিয়ে গ্রামীণ এবং শহুরে জমির স্বত্বাধিকার তদারক করতে কোন নিবেদিতমনস্ক সংস্থাকে দায়িত্ব দেওয়ার সুযোগগুলোকে খুঁজে দেখা হোক। দায়িত্বের অধিক বিকেন্দ্রীকরণ করে ৭৩ এবং ৭৪ তম সংশোধনী এবং পিইএসএ অনুযায়ী বিশেষ ধরনের জমির দেখাশোনা করার ভার স্থানীয় সংস্থাকে দেওয়া হোক।
- জমির স্বীকৃতি প্রজাস্বত্বের দ্বারা দরিদ্র জনগণের কাছে জমি সহজলভ্য করার পদ্ধতির মানোন্নয়ন করা হোক এবং ইজারাক্ষেত্রটি কার্যকরী করার ব্যবস্থা উন্নত করা হোক। এইসব বিষয়ে আইন এবং নিয়মকানুনের খসড়া তৈরীর সময় সীমিত প্রয়োগকারী ক্ষমতা এবং

সম্ভাব্য প্রতিকূল উদ্দীপকগুলি যেন স্পষ্টভাবে মাথায় রাখা হয়। যেমন: (i) বিশেষ ধরনের জমির হাতবদলে সীমারেখা তৈরী করা; (ii) অননুমোদিত দখলদারিকে বিধিসম্মত করা; এবং (iii) আসল গ্রাহকের হাতে প্রদান করা জমির অধিকার ফিরিয়ে দেওয়া ইত্যাদি।

- মহিলাদের নামে বরাদ্দ বা মঞ্জুর জমির নিবন্ধীকরণের সংখ্যা বাড়াতে, বিশেষত এইচএসএএ-এর ব্যাপারে সচেতনতা বাড়ানোর মধ্যে দিয়ে, এবং যেসকল বেসরকারি সংস্থা জমি সংক্রান্ত তথ্যে মহিলাদের নাম রাখবে তাদের উৎসাহভাষা দেওয়া ইত্যাদি বিকল্পের খোঁজ করে মহিলাদের জমির মালিকানা বাড়ানোর প্রয়াস করা হোক। উপযুক্ত পর্যবেক্ষণ এবং প্রভাব মূল্যায়নের মাধ্যমে মহিলাদের জমির মালিকানা বৃদ্ধি, এর সম্ভাব্য বিরূপ প্রচারের কারণ অনুসন্ধানের ক্ষেত্রে কার্যকর পন্থা চিহ্নিত করা হোক এবং রাজ্যগুলিতে এর উপযুক্ত বাস্তবায়ন নিশ্চিত করা হোক।
- আদালতগুলিতে জমি সংক্রান্ত বিরোধের ব্যাপারগুলির ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি নির্ভর কেস ম্যানেজমেন্ট সিস্টেম, তৎসহ জমি বিরোধ মামলাগুলির ক্ষেত্রে সুস্পষ্ট টাইপোগ্রাফির ব্যবস্থা ও ব্যবহার করা হোক, যাতে মামলার ভার নিরীক্ষণ এবং নীতিতে কোন ফাঁক থাকলে তা চিহ্নিত করে, প্রয়োজনে তার সমাধান করতে এর ব্যবহার করে সবচেয়ে তাড়াতাড়ি বিরোধ কমানো যায়। মামলাগুলোর সময়সীমা বিচার করা এবং আদালতকে উপদেষ্টা, মৈত্রীসূচক ও বিচার প্রতিষ্ঠানের অনুপূরক করে তোলে, তৎসহ স্থানীয় স্তরে সচেতনতা ও সক্ষমতা তৈরি করা হলে তা জমি সংক্রান্ত সমস্যা প্রতিরোধ করতে এবং তার সমাধান করতে সাহায্য করে।

সীমিত হলেও কেন্দ্রের ভূমিকা গুরুত্বপূর্ণ: এর মানে এই নয় যে এক্ষেত্রে কেন্দ্রের ভূমিকা অপ্রাসঙ্গিক - বরং কেন্দ্র বেশ কিছু গুরুত্বপূর্ণ কাজ করতে পারে:

- প্রতিষ্ঠানগুলির ভেঙ্গে ভেঙ্গে কাজ করার পদ্ধতিকে অতিক্রম করা এবং জমি বিষয়টিকে তার প্রাপ্য অগ্রাধিকার দেওয়া উচিত। যদি জমি প্রকৃতপক্ষে একটি ক্রমবর্ধমান বাধাবাধকতা হয়ে দাঁড়ায়, তাহলে কেন্দ্র এবং রাজস্বের প্রতিষ্ঠানগুলিকে (ভূমি সম্পদ দপ্তর, পরিবেশ ও বন মন্ত্রক, উপজাতি বিষয়ক মন্ত্রক এবং নগরোন্নয়ন মন্ত্রক) একসাথে এনে প্রযুক্তিগত নেতৃত্ব প্রদান এবং ক্রশ-কাটিং ও পদ্ধতিগত বিষয়ে ধারাবাহিকতা বজায় রেখে প্রমাণ-চালিত উপায়ে এর মোকাবিলা করা উচিত। এইরকম বৈশিষ্ট্যযুক্ত কোন সংস্থাকে যদি অনুক্রমের যথেষ্ট উপরের দিকে রাখা হয় এবং যথাযথ প্রচার চালানো হয়, তা রাজস্ব দপ্তরের মর্মান্দার ক্রমাবনতি কমাতে পারে (এবং আদর্শগতভাবে বিপরীত), নতুন ধরনের প্রযুক্তি আনতে পারে এবং রাজস্বের প্রাতিষ্ঠানিক এবং প্রযুক্তিগত উদ্ভাবনকে উৎসাহ প্রদান করতে পারে।

- ▶ প্রতিক্রিয়াশীলতার পরিবর্তে উৎসাহদায়ী হিসাবে যুক্ত হওয়ার ক্ষমতা বাড়ানো হোক, এবং তা যেন আদর্শ এবং পুরনো ধ্যানধারণার বদলে প্রমাণ-নির্ভর হয়। প্রতিষ্ঠানগুলির ভেঙ্গে ভেঙ্গে কাজ করার পদ্ধতিকে অতিক্রম করা এবং সিস্টেম-ব্যাপী সমস্যাগুলির সমাধান করার সম্ভাবনা জমির ক্ষেত্রে অপেক্ষাকৃত কম সামগ্রিক পদ্ধতিতে এবং বেশি করে উৎসাহদায়ী উপায়ে হস্তক্ষেপ করতে দেবে যা সামগ্রিকভাবে সিস্টেমের কাজকে উন্নত করবে এবং যা কাজকৃত আউটপুট বিতরণ এবং ফলাফলের সীমা প্রামাণিক তথ্য ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করবে। এর ফলে শুধু যে ফাঁকগুলো চিহ্নিত করা যাবে তাই নয়, এগুলি বন্ধ করার উপায় এবং তা করার ক্ষেত্রে অগ্রাধিকারমূলক ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে অগ্রাধিকার দিতে পারে, মধ্যবর্তিতার ভিন্নতর

উপায় বার করতে পারে এবং সেগুলির বাস্তবায়নের ক্ষেত্রে অগ্রাধিকার এবং ক্রম নির্মাণ করতে পারে যাতে মাঝারি মেয়াদে সবথেকে কার্যকরভাবে উন্নত ভূমি প্রশাসন ব্যবস্থা নির্মাণ করা যায়।

▶ ফলাফল দেখার পর সরকারি সম্পদ বন্টন করা

হোক: যদিও ভূমি তথ্যাবলির উন্নতির জন্য ভারত যথেষ্টই সম্পদ খরচ করেছে, তবে তার কার্যকারিতা বেশিরভাগ সময়ই বেশ কম। রাজ্যগুলির মধ্যে পর্যবেক্ষণ এবং তুলনার উপর জোর দিলে তা শুধু দক্ষতার সাথে সম্পদের ব্যবহার বাড়াবে শুধু তা নয় রাজ্যগুলির মধ্যে সু-অভ্যাস বর্ণনা এবং প্রচার করবে, উদ্ভাবনী শক্তিকে উন্নীত করবে এবং অভিজ্ঞতা ভাগ করে নেবে, যা প্রমাণিত পদ্ধতিগুলি দ্রুত উন্নতিতে সহায়তা প্রদান করবে।

২. এলজিএএফ পদ্ধতি এবং ভারতে তার প্রয়োগ

ভূমি প্রশাসনের ক্ষেত্রে স্ব-মূল্যায়নের জন্য এলজিএএফ একটি সাধনী : আন্তর্জাতিক মানের তুলনায় নিজেদের রাজ্যে ভূমি নিয়ন্ত্রণের অবস্থার ব্যাপক মূল্যায়ন করতে, একাধিক রাজ্য – অন্ধ্র প্রদেশ (এপি), বিহার (বিআই), ঝাড়খণ্ড (জেকে), কর্ণাটক (কেএ), ওড়িশা (ওডি), পশ্চিমবঙ্গ (ডব্লিউবি) – ভারত সরকারের গ্যামেনুয়ন মন্ত্রকের ভূমি সম্পদ দপ্তরের সহায়তায় তাদের রাজ্যে এলজিএএফ ব্যবহারের মাধ্যমে স্ব-মূল্যায়ন করার জন্য ২০১৩ সালে অনুরোধ করেছিল। এলজিএএফ বিশ্বব্যাপ্তির তৈরী করা একটি পদ্ধতি যাতে তারা অগ্রণী ভূমিকা নেয় যাতে উন্নতমানের অংশগ্রহণকারী প্রক্রিয়ার মাধ্যমে ব্যবহৃত একটি সাধারণ পরিকাঠামো যার ব্যবহারে দেশগুলি নিজেদের ভূমি প্রশাসনের মূল্যায়ন করে আন্তর্জাতিক মানের সাপেক্ষে তার অবস্থান বিচার করতে পারে। রাজ্যগুলির মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং মতবিনিময়ের উপায় হিসাবে এই প্রচেষ্টাকে ডিওএলআর সম্পূর্ণরূপে অনুমোদন করে।^১

এটি অংশগ্রহণকারী, অর্থ প্রযুক্তিগতভাবে পুঙ্খানুপুঙ্খ পদ্ধতি অনুসরণ করে : বহু সংখ্যক মাত্রার আন্তর্জাতিক মানের সাথে কোন দেশ বা রাজ্যের অবস্থার তুলনা করার পদ্ধতির উপর ভিত্তি করে এই এলজিএএফ প্রক্রিয়াটি গঠিত, যার মধ্যে প্রতিটিকে বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের একটি প্যানেল যা গঠিত হয়েছে তাদের নিজস্ব অভিজ্ঞতার উপর ভিত্তি করে “বিশেষজ্ঞ তদন্তকারী” দ্বারা প্রাসঙ্গিক ক্ষেত্রগুলির সম্পর্কে পাওয়া বিদ্যমান তথ্যাবলির সংক্ষিপ্তসার দ্বারা রাজ্যগুলিকে জানানো হয়েছে, ৪-স্তরীয় মানদণ্ডে (এ থেকে ডি) স্থান দিয়েছে। এখানে পাঁচটি প্রধান ক্ষেত্রকে জায়গা দেওয়া হয়েছে, (i) বিদ্যমান অধিকারের স্বীকৃতি; (ii) জমির ব্যবহারের নকশা, পরিচালনা এবং করায়োপণ; (iii) সরকারি জমি পরিচালনা; (iv) জমি তথ্যাবলি বিষয়ে সরকারি বিধান; (v) বিরোধ এবং

ঘন্ঘের সমাধান। পটভূমির সময় সাধন, এর ভিত্তিতে মাল্টি-স্টেকহোল্ডার প্যানেল সেশনের রেটিং প্রদান, এবং সিদ্ধান্ত নিতে সরকারি বৈধতা এবং নীতি কর্মশালার প্রয়োগ করতে চালানো বিশেষ অনুসন্ধান ম্যানুয়ালে বিস্তারিতভাবে দেওয়া কার্যপ্রণালীর গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি এবং এলজিএএফের ওয়েবসাইটে দেওয়া সচিত্র বর্ণনায় রয়েছে। এর উদ্দেশ্য হল (i) গ্রাম-প্রধান, বিষয়মুখী, নতুন গবেষণার পরিবর্তে বিদ্যমান প্রমাণের উপর ভিত্তি করে এর বাস্তবায়ন; (ii) বিদ্যমান প্রমাণগুলির খামতি সহ গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার দ্বারা অগ্রাধিকার প্রাপ্ত ক্ষেত্রগুলিতে কাজের জন্য ঐকমত গঠন; নিয়ন্ত্রক এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তনের ক্ষেত্র, নতুন পন্থা চালনা করা এবং জমি প্রশাসনের উল্লেখযোগ্য উন্নতির ক্ষেত্রে মধ্যবর্তিতা করা; এবং (iii) এই মাপকাঠিগুলির কার্যকারিতা মূল্যায়ন করার নির্ণায়ক শনাক্ত করা।

এলজিএএফ ৪০ টির মত দেশে জমির বিষয়ে ব্যাপকভাবে মতবিনিময় করার ক্ষেত্রে উৎসাহ প্রদান করেছে : সু-পদ্ধতিগুলো চিহ্নিত করা এবং অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলিতে সংস্কার এবং পরীক্ষার জন্য ঐকমত গঠন করা, মূল্যায়ন, এবং প্রধান খামতিগুলোকে মেটাতে নতুন পন্থা নেওয়ার লক্ষ্য নিয়ে, এলজিএএফ এ পর্যন্ত ৪০টির মত দেশে জমির জন্য পর্যবেক্ষণ সূচকের একটি সেট ব্যবহার করেছে।^২ অনেক ক্ষেত্রেই এটি জমি কে দেশের আলোচ্য বিষয়সূচীতে উপরের দিকে স্থান করে দিয়েছে এবং গুরুত্বপূর্ণ সংস্কারগুলির ক্ষেত্রে ব্যাপক ঐকমত গঠন করেছে যা জাতীয় বা উপ-রাষ্ট্রীয় স্তরে উন্নতির পর্যবেক্ষণের উপর নির্ভর করে মাল্টি-স্টেকহোল্ডারদের মতবিনিময়কে অব্যাহত রাখার ভিত্তি তৈরী করতে পারে। এই পদ্ধতি একাধিক অংশীদারের সহায়তার দ্বারা জমি প্রশাসনব্যবস্থার উন্নতি ঘটাতে প্রচেষ্টাগুলির পর্যবেক্ষণ এবং প্রোগ্রামগুলির বৃদ্ধি করেছে।

১ ২০১২ সালে, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা, পশ্চিমবঙ্গ, কর্ণাটক এবং অন্ধ্র প্রদেশের রাজ্য সরকার বিশ্বব্যাপ্তিতে অনুরোধ করেছিল ভারত সরকারের গ্যামেনুয়ন মন্ত্রকের অধীনে থাকা ভূমিসম্পদ দপ্তরের পদ্ধতিতে জমি প্রশাসনের মূল্যায়নের কাজে সাহায্য করতে। প্রতিটি অংশগ্রহণকারী রাজ্যে, নামী স্থানীয় সংস্থা রাজ্যস্তরীয় কোঅর্ডিনেটরের (এসসি) দায়িত্ব পালন করেছে, রাজ্যস্তরীয় কোঅর্ডিনেটরের পর্যবেক্ষণীয় মূল্যায়নের বাস্তবায়ন করতে স্থানীয় বিশেষজ্ঞদের নিয়ে দল গঠন করা হয়েছিল।

২ ২০১২ সালে, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা, পশ্চিমবঙ্গ, কর্ণাটক এবং অন্ধ্র প্রদেশের রাজ্য সরকার বিশ্বব্যাপ্তিতে অনুরোধ করেছিল ভারত সরকারের গ্যামেনুয়ন মন্ত্রকের অধীনে থাকা ভূমিসম্পদ দপ্তরের পদ্ধতিতে জমি প্রশাসনের মূল্যায়নের কাজে সাহায্য করতে। প্রতিটি অংশগ্রহণকারী রাজ্যে, নামী স্থানীয় সংস্থা রাজ্যস্তরীয় কোঅর্ডিনেটরের (এসসি) দায়িত্ব পালন করেছে, রাজ্যস্তরীয় কোঅর্ডিনেটরের পর্যবেক্ষণীয় মূল্যায়নের বাস্তবায়ন করতে স্থানীয় বিশেষজ্ঞদের নিয়ে দল গঠন করা হয়েছিল।

ভারতীয় পরিবেশে এলজিএএফকে গ্রহণ করতে একাধিক পরিবর্তন করতে হয়েছে : ভারতে, যেহেতু জমি রাজ্যের বিষয়, তাই এলজিএএফের প্রয়োগ রাজ্য-স্তরে করা হয়েছে। প্রতিটি রাজ্যে প্রক্রিয়াটি ঠিকভাবে চালাতে (পটভূমি প্রতিবেদন লেখা, প্যানেলের মূল্যায়ন পরিচালনা, রাজ্য-স্তরের ড্যালিডেশন কর্মশালার ফলাফল নিয়ে আলোচনা, এবং নীতিনির্ধারণকদের সাথে আলোচনা চালিয়ে যাওয়া) কেন্দ্রীয় সচিবালয়ের পথদর্শনায় একাধিক সুপরিষ্ঠিত প্রতিষ্ঠানকে বেছে নেওয়া হয়েছে।^৩ ভারতীয় ধৈক্ষাপটে এলজিএএফকে খাপ খাওয়াতে, মূল পরিকাঠামোতে

কিছু পরিবর্তন করা হয়েছে: প্রথমত, রাজ্যগুলির মধ্যে ধারাবাহিকতা বজায় রাখতে এবং মাত্রা নির্ণয়ের জন্য পদ্ধতিগত সবলতা বজায় রাখতে, চালু নীতি প্রক্রিয়াগুলিতে ফলাফল এবং মতামত-বিনিময় নথিবদ্ধ করতে বিশিষ্ট ভারতীয় বিশেষজ্ঞদের নিয়ে একটা টিএজি গঠন করা হয়েছে।^৪ দ্বিতীয়ত, ভারতের ধৈক্ষাপটে এর মাত্রার সমন্বয় সাধন করা হয়েছে এবং ৯টি প্যানেলে তা বিতরণ করা হয়েছে।^৫ তৃতীয়ত, রাজ্যগুলির মধ্যে মতের মিল ঘটাতে এবং অভিজ্ঞতা ভাগ করে নিতে, একাধিক কর্মশালার ব্যবস্থা করা হয়েছিল।^৬

৩ এগুলি হল অস্ত্রধনেশের জন্য সেন্টার ফর গভার্নেন্স (সিভিজি), হায়দ্রাবাদ, বিহারের জন্য চম্পুভগ ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট (সিআইএমপি), পাটনা, কাড়খড়ের জন্য ন্যাশনাল ইউনিভার্সিটি ফর স্টাডি এন্ড রিসার্চ ইন ল (এনইউএসআরএল), রাঁচি, কর্ণাটকের জন্য অ্যাক্সিস ইন্সটিটিউট, বেঙ্গালুরু, ওড়িশার জন্য কেআইআইটি জুল অফ রুরাল ম্যানেজমেন্ট, ভুবনেশ্বর, এবং পশ্চিমবঙ্গের জন্য রুরাল ডেভেলপমেন্ট ইন্সটিটিউট (আরডিআই), কোলকাতা।

- ৪ টিএজি-এর সমন্বয়সাধন করেছে ড. টি. হক, ডিরেক্টর, সিএসজি এবং সিএসপি এর প্রাক্তন চেয়ারম্যান, ভারত সরকার এবং তার সঙ্গী, বন্ধুদের মধ্যে তাদের কেবলগুলি দেওয়া রইল, ডি. আগরওয়াল, ডি. সিংহাল সেক্রেটারি রাজ্য, এপি সরকার (প্যানেল ১- সিংহাল এন্ড ইন্সটিটিউশনাল ফ্রেমওয়ার্ক); ড. এ. বর্ধন, বিহার সরকার এবং ড. এন.পি. সাজেনা, প্রাক্তন সচিব, গামেডুয়ন দস্তর, এবং ন্যাশনাল অ্যাডভাইসরি কাউন্সিলের সদস্য (প্যানেল ২- ফরেক্সিট এন্ড কমন ল্যান্ডস), ড. আই.পি. গৌতম, প্রাক্তন মুখ্য সচিব, গুজরাত সরকার, (প্যানেল ৩- আর্বিন ল্যান্ড); ড. মীনাকী সুন্দরম, প্রাক্তন সদস্য, পিএমও (প্যানেল ৪ এবং ৫- পাবলিক ল্যান্ড ম্যানেজমেন্ট/ ল্যান্ড অ্যাকুইজিশন); আর. চাওলা, মুখ্য সচিব, কর্ণাটক সরকার (প্যানেল ৬- ল্যান্ড ইনফরমেশন এবং প্যানেল ৭- ল্যান্ড ডাব্লুয়েশন এন্ড ট্যাক্সেশন); আর.বি. ভারতক, বিচারপতি, সুপ্রিম কোর্ট (প্যানেল ৮- ডিসপুট রেজোলুশন অ্যান্ড কনফ্লিক্ট ম্যানেজমেন্ট); আর. সিনহা, প্রাক্তন সচিব, ডিওএলআর, ভারত সরকার (প্যানেল ৯ - ইন্সটিটিউশনাল এনভায়রনমেন্ট)।
- ৫ প্যানেলগুলি হল (i) রেকগনিশন অফ ল্যান্ড রাইটিস; (ii) রাইটিস টু ফরসেট অ্যান্ড কমন ল্যান্ডস অ্যান্ড রুরাল ল্যান্ড ইউজ রেগুলেশন; (iii) আর্বিন ল্যান্ড ইউজ, প্ল্যানিং, অ্যান্ড ডেভেলপমেন্ট; (iv) পাবলিক ল্যান্ড ম্যানেজমেন্ট; (v) প্রসেস অ্যান্ড ইকনমিক বেনেফিটস অফ ট্রান্সফর অফ পাবলিক ল্যান্ড টু আইডেট ইউজ; (vi) পাবলিক প্রভিশন অফ ল্যান্ড ইনফরমেশন; (vii) ল্যান্ড ডাব্লুয়েশন অ্যান্ড ট্যাক্সেশন, (viii) ডিসপুট রেজোলুশন এবং (ix) রিভিউ অফ ইন্সটিটিউশনাল আয়েজমেন্ট অ্যান্ড পলিসিস।
- ৬ এলজিএএফ প্রক্রিয়াতে আনন্দ (অগাস্ট, ২০১৩) এবং পটনাতে (অক্টোবর, ২০১৩) কর্মশালা আয়োজিত হয়েছিল; বিশেষ তদন্তকারী প্রতিবেদনের পর্যবেক্ষণা থেকে তারা হায়দ্রাবাদে (জানুয়ারী, ২০১৪) অংশগ্রহণ করেছিল; খসড়া প্রতিবেদন নিয়ে আলোচনা, দিল্লী (মে, ২০১৪); ভুবনেশ্বরে অনুষ্ঠিত রাজ্য-স্তরের ড্যালিডেশন কর্মশালা এবং জাতীয় কর্মশালা (জুন, ২০১৪), এবং দিল্লীতে জাতীয় প্রচারতা কর্মশালা (সেপ্টেম্বর, ২০১৪)।

৩. প্যানেলের প্রস্তাবনা বিশ্লেষণ

এলজিএএফ অনুশীলন থেকে প্রধানত যা পাওয়া যায় তা ছয়টি রাজ্যের প্রতিবেদনে লিপিবদ্ধ হয়েছে যেগুলি, কোন কোন ক্ষেত্রে প্রথমবারের জন্য, ভূমি সংক্রান্ত বিষয়ে একটি সর্বাঙ্গীণ প্রমাণ-ভিত্তিক মূল্যায়ন প্রদান করে যাতে বহু সামাজিক দল অংশগ্রহণ করে, যাদের নিয়মিতভাবে দুর্বল ভূমি পরিচালনার ফলাফলের সম্মুখীন হতে হয়। প্রত্যেকটি রাজ্যের জন্য এই মূল্যায়ন থেকে প্রাপ্ত ফলাফল একত্রীকরণের (পরিশিষ্ট II দেখুন)। সেইসঙ্গে নীতি নির্ধারণের মধ্যে দিয়ে সংযুক্ত (পরিশিষ্ট I দেখুন) করা হয়েছে।

৩.১ ভূমি অধিকারের স্বীকৃতি

৩.১.১ সমস্যা চিহ্নিতকরণ

কার্যত প্রায়ই খুব প্রগতিশীল আইনকানুন বেশি প্রভাব বিস্তার করতে অসমর্থ হয় : যদিও ভারতের একটি আইনগত কাঠামো আছে যার লক্ষ্য উচ্চ স্তরের মেয়াদ নিরাপত্তা প্রদান এবং ভূমি অধিগত করতে একটি নিরপেক্ষতা বজায় রাখা, তবুও আইনের প্রয়োগ প্রায়ই সমস্যার দ্বারা জর্জরিত এবং বাধার সম্মুখীন হয়ে থাকে। কিন্তু বাহ্যিক শর্তাবলীর অধীনে প্রায়ই উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত, আইনসমূহ এখনও যে তাদের অভিপ্রেত উদ্দেশ্য সাধন করছে, তার জন্য কোন একটি সমালোচনামূলক প্রমাণ-ভিত্তিক পর্যালোচনা করা হয়নি। এটা অতীব প্রয়োজনীয় যেহেতু কিছু আইন আর তাদের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করছে না এবং এমনকি হয়ত সেই ফলাফল উপাদান করছে যা সেই আইনের মূল মর্মের পরিপন্থী। উদাহরণস্বরূপ, সুদূর-প্রসারী ভূমি সংস্কারের প্রতি রাজনৈতিক বাধাদান এবং দীর্ঘ-মেয়াদি অধিকার অর্জন করা থেকে স্বত্বভোগীদের বিরত করার অভিপ্রায়ের ফলে হয়ত বিপুল মাত্রায় স্বত্বভোগীদের উচ্ছেদ করা হয়েছে সেই সময়ে যখন সংস্কার জারি হচ্ছিল (এপিপিইউ ১৯৯৭) এবং স্বত্বভোগী বাজারে ভূমির যোগানের একটি দীর্ঘ-মেয়াদি পতন হচ্ছিল যা হয়ত ভূমিহীন দরিদ্র পরিবারের ভূমি অধিগত করার ক্ষমতা হ্রাস করেছিল।

যদিও স্বাধীনতার পরে গৃহীত ভূমি সংস্কার খুব সফল ছিল (ব্যানাজী ইটি এএল, ২০০২; ডেইনিজার ইটি এএল, ২০০৮; ঘটক ও রায় ২০০৭), তবুও সিলিং প্রথার প্রয়োগের মাধ্যমে ভূমির পুনর্বন্টন, প্রজাষত্বের উপর বিধিনিষেধ, বা ভাড়া নিয়ন্ত্রণের দিকে লক্ষ্য রেখে অতি সাম্প্রতিক পদক্ষেপ প্রায়ই কম কার্যকর হত, কিছুটা এই কারণে যে পুনর্বন্টন ইতিমধ্যেই খামারের আয়তন উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিয়েছিল এবং বাজারগুলির কাজকর্ম সময়ের সঙ্গে সঙ্গে বৃহত্তর আর্থিক বৃদ্ধিসম্মত উন্নত হয়েছিল। একইভাবে ভূমি সংস্কার স্বত্বভোগীদের দ্বারা পুনরায় ইজারা প্রদানের উপরে বাধানিষেধ, যা ভূমি সংস্কারের অব্যবহিত পরেই সমর্থিত হয়েছিল, এবং তা হয়ত দীর্ঘ মেয়াদে বিনিয়োগ এবং ভূমির ব্যবহারের দক্ষতাকে দমিয়ে দিয়েছিল (ডেইনিজার ইটি এএল, ২০১৩)।

ভূমি ব্যবহারের বাধানিষেধ অনিশ্চয়তা বা উপেক্ষার জন্য দিতে পারে : অনেক রাজ্যে, মালিকানা, হস্তান্তর, বা কৃষিজমিকে অকৃষিজমিতে রূপান্তরের অধিকার কিছু কিছু, যেমন: (i) স্ব-চাষের প্রয়োজনীয়তা যাতে করে যে কেউ যিনি নিজে ব্যক্তিগতভাবে চাষ করেন না তিনি কৃষিজমি ধরে রাখতে পারেন না; (ii) পেশাগতভাবে একজন কৃষিবেশেষজ্ঞ বা একজন কৃষি শ্রমিক হওয়ার প্রয়োজনীয়তা; (iii) একটি সর্বোচ্চ অ-কৃষিজমিত আয়; (iv) এবং মালিকানাধীন ভূমির পরিমাপের একটি সর্বোচ্চ সীমা, ইত্যাদি (সীমাবদ্ধতা সাপেক্ষে হয়ে থাকে)। অগীদার এবং উপজাতীয়দের দ্বারা ভূমির হস্তান্তর সীমাবদ্ধ করা হয়েছে, অন্তত একটি প্রাথমিক সময়কালের জন্য। সংশ্লিষ্ট তথ্যাদি নথিভুক্ত না হওয়াটা এই ধরনের ব্যবস্থার প্রয়োগকে খুব কঠিন করে তোলে, যার অর্থ হল কার্যক্ষেত্রে প্রায়শই সেগুলির উপেক্ষা।

প্রগতিশীল লিঙ্গ আইন রূপান্তরে ভূমিকা সন্ধ্যা সম্পূর্ণরূপে কাজে লাগানো হয় না : ২০০৫ সালের এইচএসএএ সামাজিক দৃষ্টিভঙ্গি বদলের বিরাট সন্ধ্যাবনাসহ একটি বিশাল পরিবর্তন এমনভাবে চিহ্নিত করে যা মহিলা (ডেইনিজার ইটি এএল, ২০১৩এ) এবং তাদের সন্তানদের (ডেইনিজার ২০১৪) কল্যাণের ক্ষেত্রে উন্নতি ঘটাবে। কার্যকরভাবে এটি প্রয়োগ

করতে এবং পিছিয়ে পড়া আটকাতে (রোসেনবাম ২০১৩) হলে, যে ক্ষেত্রে মহিলাদের অধিকার নথিভুক্ত করা হয়েছে, তা নিরীক্ষণের প্রয়োজন (ল্যান্ডেসা ২০১৩)। এছাড়া, সরলীকরণ-যোগ্য সিদ্ধান্ত গ্রহণের অনুমোদন দিতে, অগ্রাধিকারের ভিত্তিতে মহিলাদের জমি দানকারী প্রকল্পসমূহ অথবা তাদের নথি ভুক্তিকরণে উৎসাহদান প্রকল্পসমূহের (উদাহরণস্বরূপ উড়িষ্যা বা অন্ধ্রপ্রদেশে) মূল্যায়ন করা উচিত।

নিম্ন মানসম্পন্ন এবং অসিদ্ধান্তমূলক চরিত্রের নথিসমূহ বিনিয়োগ এবং জমির কার্যকর ব্যবহারের ভিত্তি দুর্বল করে : যদিও ভারতে জমিসংক্রান্ত নথির এক দীর্ঘ ঐতিহ্য রয়েছে, তবুও আইনি ব্যবস্থাদি বিদ্যমান নথিসমূহকে কেবলমাত্র পূর্বনির্ধারিত মূল্য প্রদান করেছে, তদারকির অভাব, এবং প্রতিষ্ঠানগত দুর্বলতা তাদের কার্যকারিতাকে নষ্ট করেছে (গুয়াথ্যা ১৯৮৯)। স্থায়িত্বের বিষয়ে বা স্থানিক নথির বিষয়ে উল্লেখযোগ্য ফাঁক রয়েছে: শহরাঞ্চলে কোন তফসিলভুক্ত মালিকানার নথি নেই, গ্রামীণ নথি 'প্রান্তিক' ক্ষেত্রগুলি বাদ দিয়েছে, এবং বহুদিন ধরে আবশ্যিকভাবে করণীয় গ্রামীণ পুনঃসমীক্ষার কাজ করা হয়নি। সিদ্ধান্তমূলক স্বত্ব থাকা খুব জরুরী, এই দৃষ্টিভঙ্গির (গুয়াথ্যা ২০০২) সঙ্গে একমত হয়ে ২০১১ সালে ডিওএলআর একটি ভূমি স্বত্বাধিকার বিল প্রস্তত করেছিল শুধু সিদ্ধান্তমূলক নথি প্রতিষ্ঠার জন্যেই নয়, কিন্তু এক নতুন স্বত্বাধিকারী কর্তৃপক্ষ স্থির করার জন্যেও। কিন্তু নিম্নলিখিত তথ্যাদির গুণগত মান উন্নয়ন ব্যতীত, শুধু একটি আইনের পরিবর্তন এই ক্ষেত্রের উপরে খুব সামান্যই প্রভাব ফেলবে।

৩.১.২ প্রজাবনা

পর্যালোচনা এবং প্রজাবত্বের বিধিনিষেধ কমানো : বাজারের অসম্পূর্ণতার ব্যাপ্তি এবং তীব্রতা যা মূলত প্রজাবত্বের বিধিনিষেধ লাগু করার জন্য সচেতন ছিল তা যথেষ্ট হ্রাস পেয়েছে। ঝামেলার কাজ ছাড়া অন্য চাকরির অনেক সুবিধাসহ ক্রমবর্ধমান একটি অর্থনীতিতে, এটি প্রজাবত্ব অপসারণ করে না কিন্তু সেটাকে চোখের আড়ালে নিয়ে যায় এবং এই ধণালীতে, স্বত্বজোগীদের দীর্ঘ মেয়াদি নিরাপত্তা এবং তাদের ঋণ গ্রহণ এবং অন্যান্য ক্ষমতা আর সেইসঙ্গে সমস্ত দলের উৎপাদনশীল ভূমি ভিত্তিক বিনিয়োগের উৎসাহকে ভিতরে ভিতরে দুর্বল করে। এর ফলে যারা অন্যভাবে জমি বাজারে অংশগ্রহণ করে এইরকম করতে সক্ষম হবেন আর সেইজন্যে উন্নত জমি ব্যবহার পদ্ধতির সাপেক্ষে জমি বাজারের সুবিধা বপনের ক্ষমতা হ্রাস করে। প্রজাবত্বের উপরে সম্পূর্ণ নিষেধাজ্ঞার অবসান ঘটানো সেইজন্যে অভিপ্রেত এবং অগ্রগামী রাজ্যগুলিতে এই কাজ করার প্রভাব নথিবদ্ধ করাটা অন্যদের নীতি এবং তথ্যের ঝুঁকি জানানোর জন্য বহু প্রয়োজনীয় প্রমাণ সরবরাহ করে। অন্ধ্রপ্রদেশে লাইসেন্সপ্রাপ্ত চাষীদের কার্ড দেওয়ার বিষয়ে পাওয়া অভূতপূর্ব সাড়া, প্রজাবত্বের মাত্রা এবং তা নিয়মিতকরণের থেকে প্রাপ্ত সম্ভাব্য সুবিধার দিকে আলোকপাত করেছে।

কৃষিজমি হস্তান্তর, ব্যবহার, এবং মালিকানার উপরে বিধিনিষেধের পর্যালোচনা : তফসীলি জাতি এবং তফসীলি উপজাতিদের (এসসি/এসটি) প্রতি অনুমোদিত জমি বিচ্ছিন্ন করার অধিকারের উপরে বিধিনিষেধ সতর্কতার সঙ্গে পর্যালোচনা করার দরকার, সেই ব্যাপ্তির মূল্যায়নের জন্য যার প্রতি নিম্নলিখিত দূরদৃষ্টিহীন এবং সম্ভাব্য কল্যাণ হ্রাসকারী হস্তান্তরের উদ্দেশ্য অর্জিত হয়েছে এমনভাবে যা অর্থনৈতিক বৈচিত্র্যকে পূর্ব-অন্তর্ভুক্ত করে না। এছাড়াও নিশ্চিত হওয়ার জন্য যে সংশ্লিষ্ট বিধিনিষেধ নথিভুক্ত করা হয়েছে (যাতে করে বেআইনি লেনদেন আগেই ঠেকানো যায়), সম্প্রদায়ের জমি হস্তান্তর সীমিত করা বা উচ্চ ঝুঁকিপূর্ণ অবস্থায় হস্তান্তরের জন্য সম্প্রদায়ের সম্মতি পাওয়া ফলপ্রসূ হতে পারে যেখানে জমি একটি নিরাপত্তা জাল (আডলফস্ট্রো ২০০২) এবং তার একটি সাংস্কৃতিক মূল্য আছে।

চূড়ান্ত স্বত্ব পাওয়ার জন্য পূর্বশর্ত হিসাবে স্বয়ংক্রিয় মিউটেশন নিশ্চিতকরণ : কম্পিউটারে তথ্য সংরক্ষণকে প্রাধান্য দেওয়ার মাধ্যমে, ভারত সরকার একটি প্রয়োজনীয় পূর্ব-শর্ত তৈরী করেছে যা ব্যাক-অফিস যোগাযোগের মাধ্যমে রাজ্যগুলিকে সিদ্ধান্তমূলক মালিকানার দিকে যাওয়ার অনুমোদন দেয়। যদি হস্তলিখিত নথিগুলি পরিত্যক্ত হয়, তাহলে নথিভুক্তি এবং নথির মধ্যে একটি স্বয়ংক্রিয় যোগাযোগ প্রতিষ্ঠিত হয়, এবং নিবন্ধককে শুধু ক্রেতা-বিক্রেতার ব্যক্তিগত পরিচয় পরীক্ষা করাই নয় উপরন্তু পূর্বস্থিত নথিপত্রও পরীক্ষা করতে হয় এটা নিশ্চিত করার জন্য যে বিক্রেতার প্রকৃতপক্ষে সেই জমিটির মালিকানা আছে এবং সেই জমি ব্যবহারের ক্ষেত্রে যে কোন সীমাবদ্ধতা সমস্ত পার্টিগুলির জানা আছে, বর্তমানে স্থিত নথিপত্রের গুণগত মান অন্তত বজায় আছে এবং আরও অধ্যগামিতা ঠেকানো গেছে। কর্ণাটকে এছাড়াও সীমানার পরিবর্তন হলে সেক্ষেত্রে একটি মিউটেশন-পূর্ব ক্ষেত্রের প্রয়োজনীয়তা লাগু করা হয়েছে। যদি ধারাবাহিকভাবে প্রয়োগ করা হয় এবং একটি যথাযথ মূল মানচিত্রের সঙ্গে যুক্ত করা যায় তাহলে তা বিক্ষিপ্ত আধুনিকীকরণের মাধ্যমে চূড়ান্ত স্বত্ব পাওয়ার দিকে অনুমোদন করে, যা হল দলিল পদ্ধতিতে নথিভুক্তির বদলে মালিকানা নথি ভুক্তি পদ্ধতি ব্যবহার করার ক্ষেত্রে লাভে ব্যবহৃত একটা পদ্ধতি (স্কটিশ ল কমিশন, ২০১০)।

এইচএসএএ প্রয়োগের পদ্ধতিগত নজরদারি করা : সেই ব্যাপ্তির প্রমাণ, যার প্রতি এইচএসএএ সুযোগসমূহ মানা হয়েছে, সেটি হল পদক্ষেপ গ্রহণ পরিকল্পনা করার একটি পূর্ব-শর্ত যা এই আইনের প্রয়োগকে আরও কার্যকরী করতে সাহায্য করে। যেহেতু যে কোন উত্তরাধিকার সূত্রে জমি হস্তান্তর প্রশাসনিক প্রণালীকে সংযুক্ত করবে, সেহেতু ন্যূনতম খরচে সেইরকম তথ্য তৈরী করা যেতে পারে যদি লিপ্যভিত্তিক তথ্যসমূহ একত্রিত করার জন্য সংশ্লিষ্ট কর্মগুলি সেইভাবে নকশা করা হয়। ফলাফল থেকে প্রাপ্ত তথ্য কেবলমাত্র উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সংস্কারের প্রভাব মূল্যায়নের জন্য কাজে লাগে তাই নয়, উপরন্তু এটা পরিমাপের জন্যও যদি লিপ্য-নিরপেক্ষ আইনসমূহ যেমন সরকারি হস্তান্তর প্রকল্পগুলির মাধ্যমে বা এফআরএ

প্রয়োগের মাধ্যমে যুগ্মভাবে বা কেবলমাত্র মহিলাদের নামে গৃহীত আরোপিত জমির নিবন্ধীকরণের আবশ্যিকতার কাজে লাগে। যদি পরিবারগত সমীক্ষার সঙ্গে যুক্ত হয়, তাহলে এটা মহিলাদের সামাজিক এবং অর্থনৈতিক ক্ষমতা এবং সংশ্লিষ্ট পরিবার-স্তরের পরিণতির উপরে এই ধরনের পদক্ষেপের প্রভাবের একটি মূল্যায়নের অনুমতি প্রদান করে।

৩.২ সমগ্র সম্প্রদায়ের অধিকারভুক্ত এবং অরণ্যভূমি

৩.২.১ সমস্যা চিহ্নিতকরণ

বিশাল বনাঞ্চলের অসীমায়িত আইনগত অবস্থা অরণ্য বসবাসকারীদের জীবিকার উপরে নেতিবাচক প্রভাব বিস্তার করে : ব্রিটিশ আমল থেকেই অরণ্য নীতি উপজাতিদের দ্বাভাবিক ভূমি অধিকারকে প্রায়ই অস্বীকার করে আসছে যারা দীর্ঘকাল ধরে অরণ্যে বসবাস করছে, যা তাদের নিরাপত্তাহীনতা বৃদ্ধি করেছে। কোন কোন এলজিএএফ রাজ্যে, এটা একটা বিষয় যেহেতু বিশাল বনভূমি এখনও অসীমায়িত অবস্থায় পড়ে আছে: উদাহরণস্বরূপ, অন্ধ্রপ্রদেশে, ৯৮৬ টি বকের বিষয় এখনও অসীমায়িত আছে যার ক্ষেত্রফল ১২,৩৪৫ বর্গকিলোমিটার (মোট ৬২,১০০ বর্গকিলোমিটার বনভূমির মধ্যে)। অনুরূপে, ওড়িশায়, যখন জমিদারী প্রথা শেষ হয়ে গেল, বিশাল বনভূমি সরকারের উপরে ন্যস্ত হল এবং কোন সমীক্ষা বা বন্দোবস্ত ছাড়া সেটা বিবেচিত সংরক্ষিত বন বলে ঘোষিত হল। এই বনের একটা বিরাট অংশ অপ্রতুলভাবে চিহ্নিত বা সমীক্ষা-হীন অবস্থায় থাকল, বনে বসবাসকারীদের অধিকারকে তলায় তলায় ফইয়ে দিয়ে এবং ব্যবস্থাপকদের দায়িত্ব সাপেক্ষে অনিশ্চয়তা উৎপন্ন করে। আবারও, প্রভাবিত ক্ষেত্রের আয়তন ছিল বিশাল: ৮,৮৪৭ বর্গকিমি ক্ষেত্রফল বিশিষ্ট মোট ১,৩৬৯ টি বনসংকুল বন্ধ আছে প্রস্তাবিত সংরক্ষিত বন হিসাবে, যার চূড়ান্ত ঘোষণা বাকি, যদিও বন বিভাগ এটাকে বিবেচিত সংরক্ষিত বন হিসাবেই বিচার করছে।

স্থানীয় জেএফএম প্রতিষ্ঠানগুলির দায়িত্ব এবং সম্পদ অস্বচ্ছ : মার্চ ২০০৬ অবধি, ১০০,০০০ টিরও বেশি সংখ্যক গ্রামে যুগ্ম বন ব্যবস্থাপক কমিটি (জেএফএম) তৈরী করা হয়েছে যা প্রায় ২২ মিলিয়ন হেক্টর পরিমাণ বনকে অন্তর্ভুক্ত করেছে। সংশ্লিষ্ট গ্রাম স্তরের প্রতিষ্ঠান যেমন ভিএফএমপিসি বা ভিইডিসি সবই কাগজে কলমে রয়েছে কিন্তু সেগুলি সক্রিয় নয়, অংশত গ্রাম স্তরে প্রচুর সংখ্যায় বন প্রশাসনিক পদ (প্রায় ৫০ শতাংশ) শূন্য থাকার কারণে। ২০০১ সালের একটি বাধ্যতামূলক নীতি, যে বন থেকে উৎপাদনের ৯০ শতাংশ যাবে গ্রামীণ বন কমিটির কাছে, ব্যাপকভাবে অবহেলিত হয়েছে এবং বর্তমানে নিজস্ব সম্পদ থেকে আয়ের অনুপস্থিতিতে, জেএফএম প্রতিষ্ঠানগুলি বাইরের সম্পদের উপর নির্ভরশীল এবং টিকে থাকতে অসমর্থ।

এফআরএ দ্বারা ব্যবহারকারীদের অধিকারের স্বীকৃতিদানের সুযোগকে সম্পূর্ণভাবে কাজে লাগানো হয় না : গ্রাম সভার মাধ্যমে পেশ করা দাবীর সাপেক্ষে ডিসেম্বর ২০০৫ এর আগে অধিকৃত জমির স্বীকৃতি পাওয়ার জন্য এফআরএ একটি সুযোগ করে দেয় যা তখন বন্ধ এবং জেলাস্তরের কমিটির মাধ্যমে পরিষ্কৃত হত এবং রাজ্যস্তরে তার নজরদারি চলত। ২০১৪ সালের ৩১শে অক্টোবরের মধ্যে, ৩.৮৭ মিলিয়ন দাবী পেশ হয়েছিল এবং ২.৫ মিলিয়ন হেক্টর বিতরণ করা জমির উপরে ১.৪৯৮ মিলিয়ন দলিলসহ ৩.২ মিলিয়ন দাবীর নিষ্পত্তি করা হয়েছিল। উদাহরণস্বরূপ মহারাষ্ট্রে (এমএ), যেখানে দাবী যাচাই করতে (গোদামী ২০১৪) উপগ্রহ চিত্র ব্যবহার করার জন্য স্থানীয় প্রশিক্ষণ এবং ক্রিয়ামূলক প্রতিষ্ঠানগত সহযোগিতা অনুমোদিত ছিল, ব্যবহারিক ক্ষেত্রে এর প্রয়োগের সম্ভাবনাকে দেখায়। তবুও, এপি, এমএ, এবং মধ্যপ্রদেশ (এমপি) সহ, সমগ্র রাজ্য জুড়ে বিলিকৃত জমির হিসাবের অগ্রগতি পরিবর্তনশীল ছিল। এছাড়া যেখানে এফআরএ, কমিউনিটি ফরেস্ট রাইটস (সিএফআর) স্বীকৃতির অনুমতি দিচ্ছে, এফআরএ-র অধীনে স্বীকৃত অধিকারের বেশির ভাগই বহুলাংশে ব্যক্তিগত স্তরে থেকে যাচ্ছে - এই পঁচাত্তি রাজ্যে (ছত্তিশগড়, এমএ, ওড়ি, রাজস্থান, এবং ডবিউবি) যাদের জন্য তথ্য লভ্য রয়েছে, সিএফআর এর অধীনে বিলিকৃত জমির পরিমাণ মোট জমির ৬ শতাংশেরও কম।

বন বহির্ভূত সরকারি জমির স্বীকৃতি দুর্বল : বহু ধরনের সরকারি জমি স্থানীয়ভাবে স্বীকৃত হয়েছে, কিন্তু রাজস্ব বা বন দপ্তর কোথাওই নথিভুক্ত হয়নি। রাজ্যের দ্বারা নিয়ন্ত্রণ এবং বেসরকারিকরণের ফলে গ্রামবাসীদের কাছে এই সমস্ত সিপিআর এর উপলভ্যতা বহু বছর ধরেই নিম্নমুখী হচ্ছিল। সম্পদসমূহ প্রায়ই জবরদখল হয়ে যাচ্ছিল যদিও সেই দখলদারিগুলিতে নজরদারি করা হয়নি এবং কোন কোন সময়ে তা ঘটনা ঘটায় পরে আইনি করা হয়েছে, যা প্রায়ই অবাধ প্রবেশাধিকারের অবস্থা তৈরী করত। স্থায়ী চারণভূমি সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে যেহেতু সেগুলি ১৯৮০ সালের ফরেস্ট কনজারভেশন অ্যাক্টের অধীনে সুরক্ষা পায় না। আবাসিক এলাকাস্থিত (গ্রাম থানা) সরকারি ভূমির ক্ষেত্রেও এটা সত্যি একটা বিষয় যা জরুরী পদক্ষেপ দাবী করে।

গ্রামীণ ভূমি ব্যবহার পরিকল্পনা তার শৈশবাবস্থাতেই আছে : গ্রামীণ ভূমি ব্যবহার এবং রূপান্তরের উপরে সমর্থিত বিধিনিষেধ দুর্বলভাবে প্রযুক্ত এবং জমির রূপান্তরের উপরে প্রয়োজ্য শর্তাবলী ও অন্যান্য নিয়মকানুনসহ, নজরদারি চালানোর ব্যবস্থা অপ্রতুল। গ্রামীণ ভূমি ব্যবহার বোর্ডের অনুপস্থিতি হচ্ছে এর একটা কারণ। শনাক্তকরণ এবং সরকারি ভূমির আইনি শ্রেণীবিভাগ অস্বচ্ছ এবং ব্যবস্থাপনা ও পদ্ধতির দায়িত্ব আরোপে দ্বিধা, জবরদখলে উৎসাহ জোগায়। গ্রামীণ ভূমি ব্যবহার পরিকল্পনা কার্যত অনুপস্থিত, যার ফলে গৃহনির্মাণ এবং ব্যবসায়িক উদ্দেশ্যে সরকারি ভূমি সাময়িক ভিন্মুখে পরিচালিত হয়।

৩.২.২ প্রস্তাবনা

সমীক্ষা করা হয়নি এমন জমিতে বিদ্যমান অধিকারের স্বীকৃতি প্রদান : সমস্ত ধরনের বন-বহির্ভূত এবং বনস্থিত সরকারি জমিসমূহ এবং সম্পত্তি সম্পদের, বিভিন্ন ধরনের সার্বিকতা সহ পুনঃশ্রেণীবিন্যাস, সনাক্তকরণ এবং সমীক্ষা করার জরুরী প্রয়োজন রয়েছে। বনদপ্তর, রাজস্ব দপ্তর, এবং স্থানীয় অংশীদারদের মধ্যে জমির সীমানা নির্ধারণ সমস্যার সমাধান করা উচিত এবং বনস্থিত গ্রামগুলিকে রাজস্ব গ্রামে (এফআরএ সেকশন ৩১এইচ) রূপান্তরের কাজ ত্বরান্বিত করা দরকার। দীর্ঘস্থায়ী গোষ্ঠীগত অধিকারসমূহের স্বীকৃতিদান, এমনকি যদি তা স্থিরীকৃত না হয় তবুও, ব্যক্তিগত-করণকে প্রতিহত করে এবং খুব অর্ধ-সামগ্রী হয়ে থাকে: মেক্সিকোর এজিডো সংস্কার বা ফিলিপাইনে পূর্বপুরুষদের দাবী চিহ্নিতকরণ একটি মডেল (ডেইনিজার ২০১৪) হিসাবে গণ্য হতে পারে। উৎপাদনশীলতা এবং কাঠামো রূপান্তরের সাপেক্ষে এটা খুব অভিজ্ঞত ফলাফল দিতে পারে বলে দেখা গেছে (ডে জানত্রি ইটি অল, ২০১২; ডালসেচ্চি ২০১৪)।

সমীক্ষা করা হয়নি এমন বন জমির দায়িত্বসমূহ ব্যাখ্যাদান : প্রস্তাবনা করা হয়েছে যে অবিলম্বে প্রস্তাবিত সংরক্ষিত বনকে সংরক্ষিত বন বা সুরক্ষিত বন হিসাবে গণ্য করতে হবে এবং প্রভূত অংশগ্রহণকারী, গোষ্ঠী-পরিচালিত মানচিত্রাঙ্কন পদ্ধতির মাধ্যমে এফআরএ এর অধীনে সিএফআরে অধিকার আরোপণের কাজ ত্বরান্বিত করতে হবে। বন গ্রামগুলিকে রাজস্ব গ্রামে রূপান্তরিত করা অধিকার পাক। প্রতিষ্ঠানগত দায়িত্ব ব্যাখ্যা করা উচিত এবং ৭৩তম সংশোধন অনুসারে জেআরএফ কমিটিগুলি ও সেইসঙ্গে সমস্ত এফআরএ, সব কয়টি গ্রাম সভার (জিএস) সঙ্গে একই সীমানাধীন থাকবে যাতে তারা বাধাহীনভাবে কাজ করতে পারে। সিএফআর এলাকার সুরক্ষা দিতে, সংরক্ষণ করতে এবং ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট সম্পদ ব্যবহারের জন্য, জিএস এর উচিত একটি কমিউনিটি ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি গঠন করা।

বিশেষ করে সরকারি ভূমি সাপেক্ষে, এফআরএ সম্পাদনে ফাস্ট-ট্র্যাক এবং নজরদারি : এফআরএ-এর অধীনে দাবীর বেশি মাত্রায় প্রত্যাখ্যান করা বা সামান্য পরিবর্তন করার ব্যাপারগুলি জেলা স্তরের কমিটির (ডিএলসি) কাছে পুনর্বিবেচনা বা সংশোধনের জন্য আবার ফেরত পাঠানো উচিত।^৭ এফআরএ কে আরও বেশি ত্রিমাসীল করে তোলার জন্য, সমস্ত রাজ্য সরকারের গ্রামসভাগুলিকে ব্যক্তিগত সেটেলমেন্ট স্তরে স্বীকৃতি দেওয়া উচিত (গ্রাম বা রাজস্ব গ্রাম) যেমন পিইএসএ-তে বলা হয়েছে। মহিলাদের পাট্টা দেওয়ার অন্তর্ভুক্তিসহ, এফআরএ অনুযায়ী যা কিনা বাধ্যতামূলক, জীবন যাপন এবং

আর্থ-সামাজিক সুস্থতার উপরে এফআরএ সম্পাদনের প্রভাব মূল্যায়ন করাও খুব গুরুত্বপূর্ণ।

সরকারি ভূমির উপরে স্থানীয় নিয়ন্ত্রণ উন্নত এবং শক্তিশালী করা : প্রচারকালীন অবস্থায় সিএফআর সনাক্ত করার অগ্রগতির পছন্দসূচক করা এবং গোষ্ঠীগত বন অধিকার জেএফএম এর উপরে না দিয়ে বরং জিএস এর উপরে অর্পণ করা উচিত। সব থামেই কোন না কোন সিএফআর রয়েছে এটা ধরে নিয়ে, প্রমাণের বোঝা ডিএলসি এর কাছেই থাকা উচিত সেই ক্ষেত্রে, যেখানে কোন সিএফআর এর স্বীকৃতি নেই। বন অধিকার আইন, ২০০৬ অনুসারে গোষ্ঠীগত অধিকারের আইনসঙ্গত রূপ দেওয়ার উপায়গুলির বিষয়ে সচেতনতা উৎপাদন করা দরকার, যেহেতু সরকারি রিপোর্টে বলা হয়েছে যে এই আইনে জমির অধিকার চাওয়ার যোগ্য বহু সংখ্যক উপজাতি তাদের দাবী পেশ করেনি। এতে স্থানীয় দলের প্রতি কর্তৃত্ব বর্তমানের কথাও বোঝানো হচ্ছে। একটি গ্রামীণ ভূমি ব্যবহার নীতি প্রস্তুতির সহায়তা নিয়ে এটা সংযুক্ত করা যেতে পারে যার উপরে একটি স্ট্যান্ডার্ড এবং সার্বিক উপায়ে উপগ্রহ চিত্র মারফত নজরদারি করা যায়।

৩.৩ শহরাঞ্চলের জমি

৩.৩.১ সমস্যা চিহ্নিতকরণ

ভূমি প্রশাসন এবং পরিকল্পনার মধ্যে অনেক অকৃষি জমির যোগানে বাধা দেয় : ৩১ শতাংশ নিয়ে, শহরের লোকসংখ্যাতে ভারতের অংশীদারিত্ব অন্যান্য দেশের যেমন ইন্দোনেশিয়া (৪৫ শতাংশ) বা মেক্সিকো এবং ব্রাজিল (৭৮ শতাংশ এবং ৮৭ শতাংশ) তুলনায় এখনও কম। বেশির ভাগ রাজ্যে, সেটেলমেন্ট এলাকাগুলি (গ্রাম থানাসমূহ) রাজস্ব রেকর্ডে সমীক্ষা করার বদলে বরং একক পট হিসাবে আছে এবং নিয়মের কারণে লোকসংখ্যা ২,০০০ ছাড়ালেই একটি সমীক্ষার কাজ হাতে নেওয়া হোক। এটা বাস্তবে খুব কমই হয়ে থাকে। এছাড়া, অতীতে কোন সময়ে শহরে একটি সমীক্ষা হয়ে থাকলেও, সেটা অধিকাংশত পুরানো হয়ে গেছে এবং বর্তমান শহরায়িত এলাকার ছোট্ট অংশকে অন্তর্ভুক্ত করেছে - উদাহরণস্বরূপ বলা যায় হায়দ্রাবাদে শহর সমীক্ষার কাজ শেষবার হালনাগাদ করা হয়েছিল ১৯৬০ এর দশকে। শহরের লোকসংখ্যার প্রত্যাশিত বৃদ্ধি, বর্তমানের ৩৭৭ মিলিয়ন থেকে ২০৩০ সালের মধ্যে ৬০০ মিলিয়ন হলে, সামাল দেওয়ার পক্ষে রাজস্ব দপ্তরই কেবলমাত্র স্বল্প-সম্মিলিত হয়েছে।

তফসিলভূত মূল-মানচিত্রের অভাব পরিকল্পনার খরচ বৃদ্ধি করে : পরিকল্পনাকারী প্রতিষ্ঠানগুলি নগরোন্নয়ন এলাকাকে শহরের সমীক্ষা এলাকার বাইরের কৃষি জমি, গ্রাম থানাগুলি, এবং পৌরসভাগুলি যারা এখনও শহরের বাইরে অবস্থান করছে তাদের অন্তর্ভুক্ত করে প্রসারিত করা অনেক বেশি দূরদর্শিতার

৭. এমপি, এমএ এবং গুজরাটে চালানো জিপিএস সমর্থিত অংশগ্রহণকারী মানচিত্রাঙ্কন পদ্ধতির কার্যকরিতা এবং সফল ভাবে করে চর্চা করা ও যত্ন করা প্রয়োজন যাতে অপেক্ষাকৃত কম প্রয়োগ হয় এবং তথ্যভাণ্ডার দৃশ্য একত্রিত হয়।

পরিচয় দেয়। কিন্তু প্রতিষ্ঠানগত সমস্যা এবং পরিকল্পনা এবং উন্নয়নের মধ্যে দায়িত্বের ভাগাভাগি ন্যূনতম পরিকাঠামোগত পরিকল্পনা (উদাহরণস্বরূপ, আর্টারিয়াল পরিকাঠামো) প্রস্তুত করাকে কঠিন করে তোলে। কিন্তু একটি সার্বিক মূল মানচিত্র ছাড়া, পরিকল্পনা পরিচালনা করা শক্ত এবং প্রয়োগ করা প্রায় অসম্ভব। সেইজন্যে, অনেক শহরে নগর-বিস্তার প্রায় অপরিবর্তিতভাবে হয়েছে, অমান্যকারীদের বিরুদ্ধে বিচ্ছিন্নভাবে ব্যবস্থা গৃহীত হয়েছে এবং সময়ের অনিয়মিত ব্যবধানে অননুমোদিত দখলদারি নিয়মিতকরণের কাজ বিপথগামী উৎসাহদায়ক হয়ে পড়েছে। যার ফলে ভবিষ্যতের পরিষেবা ব্যবস্থার মূল্য বেশি হয় এবং প্রায়শই পরিকাঠামো অপ্রতুল হয়।

অ-প্রয়োগযোগ্য পরিকল্পনা এবং নির্মাণ মান হল বেনিয়মের একটি অতিরিক্ত উৎস : কঠোর নিয়মাবলী এবং মান, যা শহরে বসবাসকারীদের অর্জনযোগ্য নয়, তাদের বেশির ভাগকেই বাধ্য করে বেনিয়মে কাজ করতে, যার ফলে বাস্তবিকভাবেই একটি বাজার উৎপন্ন হয় যা সুস্থ প্রশাসনের ভিত্তি দুর্বল করে। এটা অনুমান করা হয় যে বিহারের প্রায় ৬০ শতাংশ লোক বাড়ির সম্পূর্ণতায় শংসাপত্র অর্জন না করেও তাতে বাস করছেন; যারা বাড়িতে এবং এপার্টমেন্টে বাস করেন তাদের প্রায় ৭০ থেকে ৮০ শতাংশ লোকের কাছে কোন দখলদারি শংসাপত্র নেই এবং ক্লোর এরিয়া অনুপাত অমান্য করার জন্য বহুতলগুলির মধ্যে প্রায় ৫৫ শতাংশই ভিজিল্যান্সের মামলার সম্মুখীন হয়।

অনিচ্ছাসম্মত মালিকানা নথি জমির যোগান এবং বিনিয়োগ সম্ভাবনা হ্রাস করে : শহরের জন্য কোন তফসিল ভিত্তিক মূল মানচিত্র নেই এবং শহরালয়ের বেশির ভাগ জমির মানচিত্র ১৯২০ সালের পর থেকে হালনাগাদ করা হয়নি। শহর সমীক্ষার কাজ, যেখানে তা আছে, হাতে নেওয়া হয়েছে বহু সময় আগে এবং খুব সীমিত এলাকার (আগেকার অস্ত্রপ্রদেশে যা অস্ত্রচুক্তি করেছে মাত্র ৩০ থেকে ১৩০ টি শহরকে, যাদের বয়স প্রায় ৫০ বছরের কাছাকাছি)। সেইজন্যে ট্যাক্স রেজিস্টার (খাতা) ব্যাপকভাবে ব্যবহৃত হয় ভোগদখল এবং প্রভাবের প্রমাণ হিসাবে, শহরের জমির প্রতিলিপি এবং গভারল্যান্ডিং নথিসমূহ ব্যক্তিগত জমিতে সংঘর্ষ এবং জটিলতা উৎপাদন করে এবং সরকারি জমি গ্রাস করে। এই অনিশ্চয়তা সেইজন্যে সরবরাহে সাড়া দেওয়া হ্রাস করে, অনেক জমিকেই উন্নয়ন থেকে দূরে সরিয়ে দেয়।

বহু-মূল্যের হাউজিং নীতি ধারাবাহিকতা-বিহীন এবং প্রায় ক্ষেত্রেই সাময়িক : হাউজিংএর ঘাটতি মেটাতে রাজ্যের হাতে অনেক প্রকল্প জায়গামতন রয়েছে। কিন্তু সত্য ঘটনা এই যে ভারতের শহরগুলিতে বেনিয়মের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। যদিও গত ২০ বছর ধরে পারিবারিক আয়ের স্থির বৃদ্ধি বলছে যে আয়ই একমাত্র কারণ নয় এবং পরিকাঠামোর অভাব ছাড়াও, জমির যোগানের নিয়ন্ত্রণকারী বিধিনিষেধ এবং অপরিস্রবিত অবস্থা জমিকে শহরের দরিদ্রদের আওতার বাইরে রেখে দিতে পারে।

জাতীয় বস্তি নীতি, রাজ্যগুলিকে বাধ্য করে যেখানে সম্ভব সেখানেই বস্তিবাসীদের স্বচ্ছ জমি-মালিকানা বা দীর্ঘ মেয়াদি লীজ প্রদান করতে এবং সরকার বস্তিগুলি চিহ্নিত করেছে ঠিকই কিন্তু আরও বিশদ উন্নয়ন পরিচালনার জন্য তার কাছে কোন তথ্য নেই।

বস্তির উন্নতি করার জন্য উদ্ভাবনামূলক নীতির বিকাশ হয়েছে কিন্তু ভোগদখল প্রায় ক্ষেত্রেই বীকৃত হয়নি : আইনি জটিলতায় ভোগদখলের অধিকার প্রদান থমকে গেছে কিন্তু বহু আরবান লোকাল বন্ডি (ইউএলবি) নীতিবিহীনভাবে নাগরিক প্রয়োজনীয়তার যোগান দিয়ে দখলদারির স্বীকৃতি দিচ্ছে। রাজসমূহ যেমন কেএ এবং ডিবিউবি অনেক প্রকল্পের সূচনা করেছে বস্তিবাসীদের উন্নতি করার জন্য যাতে তারা আর্থিক অনুদানের মাধ্যমে লীজ অর্জন করতে বা (সীমিত) মালিকানা অধিকার পেতে সক্ষম হয়, যদিও জমি ভোগদখলকারীর সংখ্যা প্রায় ক্ষেত্রেই খুব কম হয়েছে। উদাহরণস্বরূপ, বায়োমেট্রিক পদ্ধতিতে চিহ্নিতকরণের দ্বারা এবং কেবলমাত্র দখলদারি না দেখে বরং সম্পূর্ণ মালিকানা চিহ্নিত করার দ্বারা, এই সব প্রয়োগের উন্নতি ঘটানো যেতে পারত এবং আরও স্বচ্ছ করা যেতে পারত। এবং অবশ্যই, আরও প্রসারিত বিষয়ের সমাধান করতে হলে, প্রদানযোগ্য জমির যোগান বৃদ্ধি করার জন্য আরও দূরদর্শী নীতিসমূহের প্রয়োজন হবে।

৩.৩.২ প্রস্তাবনা

শহর এলাকার একটি সম্পূর্ণ তফসিল মানচিত্র প্রতিষ্ঠাকরণ : তফসিল মানচিত্রের অনুপস্থিতিতে ভারতবর্ষের যে কোন শহর সমীক্ষা প্রায়ই সম্পূর্ণভাবে পিছিয়ে পড়ে এবং খুব সীমিত এলাকার জন্য উপলভ্য হয়, ইউএলবি মানচিত্রে জোড়াতালি দেয় যা পরিকল্পনা, কর আরোপ, এবং নিবন্ধনের ক্ষেত্রে স্ব-বিরোধী তথ্য অস্ত্রচুক্তি করতে পারে। অধিকাংশ শহরে এটা সম্পূর্ণ পুনঃসমীক্ষার প্রয়োজন উপলব্ধি করায়, কার্যকরী জমি নথি পদ্ধতি প্রতিষ্ঠা করার জন্য। সব ধরনের জমিকে সনাক্ত করে, ভিত্তি মানচিত্র হিসাবে সেটা সব বিভাগের দ্বারা ব্যবহৃত হতে পারে। কর্ণটেকের চারটি শহরের আরবান প্রপার্টি গন্যারশিপ প্রোজেক্ট দেখায় যে স্থানিক এবং পাঠগত মালিকানা বিষয়ক ত্রুটিহীন তথ্য একটি পাবলিক-প্রাইভেট-পার্টনারশিপ (পিপিপি) এর মাধ্যমে ফলপ্রসূ হতে পারে। রাজস্ব দপ্তর যদি দাবীগুলোর সঠিক সময়ে বিচারপূর্বক মীমাংসা করে তাহলে, উচ্চমানের পরিষেবা দ্রুত এবংসামর্থ্য অনুযায়ী সকলের কাছে পৌঁছাতে পারে এবং সবাই এই সুবিধা উপভোগ করতে পারে এবং সবাই এইসুবিধা উপভোগ করতে পারে। ইউ এল বি এবং সেই সঙ্গে জনসাধারণও সচেতন হবে ও তার সংশ্লিষ্টসুবিধাগুলোকে চিনতে পারবে।

সমস্ত প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতার ভিত্তি হিসাবে সর্বসম্মত শহর সীমানার প্রতিষ্ঠা : শহর এলাকার একটি বিধিসম্মত সংজ্ঞার অভাব রাজস্ব বিভাগ এবং আরবান ডেভেলপমেন্ট

অর্থটির (ইউডিএ) মধ্যে প্রাতিষ্ঠানিক গুণমান্যপিং উৎপন্ন করে যা পরিবেশের সরবরাহের গুণমানকে নেতিবাচকভাবে প্রভাবিত করে। এটা ধারাবাহিক পরিকল্পনা প্রস্তুত করাকে কঠিন করে তোলে এবং চালু পরিকল্পনার পরিপন্থী হয়ে কৃষিজমি থেকে অকৃষি জমিতে বেআইনি রূপান্তরে উৎসাহ দেয়। এমন শহর এলাকার সীমানা একবার ইউডিএ এবং ইউএলবি এর দ্বারা সমর্থিত হলে, সেটা দায়িত্ব আরোপিত করতে, পদ্ধতিগুলিকে একমুখী করতে, এবং নথিভুক্তির জন্য সাধারণ তথ্য প্রতিষ্ঠার ক্ষেত্রে এবং শহরের সরকারি জমি সম্পদের ব্যবস্থাপনার কাজে ব্যবহৃত হতে পারে।

শহরের চৌহদ্দিতে হাউজিং এবং পরিবেশের যোগান নেওয়ার জন্য বিধিনিষেধ সরল এবং একমুখী করা : বিশেষণ বলছে যে যে সব ক্ষেত্রে শহরের বৃদ্ধি এবং প্রসারণের জন্য শহরের মধ্যে পুনঃবিকাশের বা নতুন নির্মাণের জন্য জমি উপলভ্য আছে, সেকেন্দ্রে মান, পরিকল্পনার অভাব এবং সুবিধার ভাগ নেওয়ার জন্য বিকল্পের অনুপস্থিতি (যেমন, শহর পরিকল্পনা প্রকল্প) বা আর্টরিয়াল পরিকাঠামোর জন্য পথের অধিকার পাওয়ার মডেল, সেইসঙ্গে বিভিন্ন কর্তৃপক্ষের মধ্যে দায়িত্বের গুণমান্যপিং, হয়ত কাজটি কঠিন করে তোলে এই সম্ভাব্য বিষয়টিকে পেতে এবং বেআইনি রূপান্তর ও উন্মুক্তিতে প্রেরণা বৃদ্ধি করে। এইজন্যে উন্মুক্ত অনেক উচ্চ মূল্যের বিনিময়ে করতে হয়, তখন এই বিষয়টিকে উল্লেখ করে একটি সমবেত প্রচেষ্টা চালানোর প্রয়োজন হবে, সেই জট ছাড়ানোর জন্য এবং শহরের চৌহদ্দিতে আরও কার্যকরভাবে ও নিম্ন মূল্যে পরিবেশা প্রাপ্ত জমির যোগানের জন্য।

শহরগুলো সরকারি জমির সনাক্তকরণ এবং ব্যবস্থাপনার উন্মুক্ত করা : আহমেদাবাদের একটি অনুশীলন বলছে যে একটি নির্ভরযোগ্য উদ্ভাবনামূলক সরকারি জমি বরফ প্রকাশ্যে উপলভ্য তথ্যের উপর ভিত্তি করে আরও দ্রুত নির্মাণ করা যায় (ব্যালেনেই ইটি এএল, ২০১৩)। এটা খালি বা কম ব্যবহৃত সরকারি জমিকে চিহ্নিত করতে সাহায্য করে, প্রস্তাব করে যে, কোন শহর সমালোচনামূলক পদ্ধতির মাধ্যমে নতুন জমি অধিগ্রহণ করার চাইতে বরং, এটা সম্ভব হতে পারে সরকারি জমি যা কার্যকরভাবে ব্যবহৃত হচ্ছে না সেটা চিহ্নিত করা, এবং এতে উল্লেখযোগ্য সুবিধা পাওয়া যেতে পারে, হয় বিধিনিষেধ পরিবর্তন করে অথবা অর্থ বিনিময়ের দ্বারা। জমিটি সরকারি হিসাবে রাখা হবে, বা সমাজের দুর্বলতর শ্রেণিদের জন্য সরিয়ে রাখা হবে, বা রাজস্ব উৎপাদনের জন্য নিলাম করা হবে, এই বিষয়ে একটি সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন আছে যা পরিকাঠামো গঠনে সাহায্য করে। সত্য ঘটনা এই যে, অনেক রাজ্য ইতিমধ্যেই শহরগুলো সরকারি জমি চিহ্নিত করার কাজ শুরু করেছে। এটা সুনিশ্চিত করার পথ প্রদর্শনের কাজটি পদ্ধতিগতভাবে খুব কঠিন এবং এর ফলাফল ব্যবহার করার পথটিও খুব সংকটময়।

অধিকতর, নথিপত্র, এবং জমি ভিত্তিক অর্থবিনিয়োগের উদ্ভাবনী উপায়ে প্রচার : শহরের অব্যবহৃত বা স্বল্প ব্যবহৃত বিশাল পরিমাণ জমি বিবেচনায়োগ্য সুষ্ঠু সম্ভাবনার প্রতি নির্দেশ করে এইগুলির দ্বারা (i) ইমপ্যাক্ট ফি, রূপান্তর, উন্মুক্তসাধন, এবং বিকাশ মূল্য ধার্য করার মাধ্যমে সরকারি পরিকাঠামো নির্মাণ থেকে জমির সম্ভাব্য দাম পাওয়া; (ii) সার্বিক পরিকল্পনা পথ-নির্দেশের মধ্যে থেকে, একটি নির্দিষ্ট সীমার উপরে ফ্লোর স্পেস ইনডেক্স (এফএসআই) এর মূল্য ধার্য করা; এবং (iii) সরকারি জমি হস্তান্তরের একটি স্বচ্ছ এবং বিশ্বাসযোগ্য পদ্ধতি গঠন এবং সেটা করতে গিয়ে দরিদ্র এবং প্রান্তিক মানুষদের প্রয়োজনের দিকে নজর রেখে পরিকাঠামো বিনিয়োগের জন্য তহবিল উৎপাদন করা। ভারতীয় শহর পরিকাঠামো এবং পরিবেশের উপরে ২০১১ সালে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিশনের মূল প্রস্তাবনাগুলির সঙ্গে এটা সঙ্গতিপূর্ণ। এর জন্য প্রয়োজন শহর স্তরের একটি সম্পূর্ণ উদ্ভাবনামূলক জমি সম্পদ এবং একটি স্পষ্ট ও স্বচ্ছ সিদ্ধান্ত-গঠনকারী পদ্ধতি।

সমশ্রেণীভুক্ত নিম্ন-মূল্যের আবাসন নীতি দিয়ে সাময়িক নিয়মিতকরণ প্রতিস্থাপিত করা : কাজের জায়গার কাছাকাছি নিম্ন-মূল্যে (ভাড়া দেওয়া সমেত) আবাসন সরবরাহ করা এবং বিদ্যমান বেআইনি সেটলমেন্টের উন্মুক্ত করা একটি গুরুত্বপূর্ণ বিষয়, দরিদ্র অভিবাসীদের সঙ্গে যার একটি নির্দিষ্ট সম্পর্ক রয়েছে। দরিদ্রদের দ্বারা সরকারি জমির অননুমোদিত দখলদারির পর্যাবৃত্ত নিয়মিতকরণের মাধ্যমে এই বিষয়ে কথা বলতে ইউএলবি প্রায়ই সচেষ্ট হয়। যেহেতু এটা বিপথগামী প্রেরণা উৎপন্ন করে এবং প্রয়োজনের তুলনায় খুব ক্ষুদ্র একটা অংশের কথা বলে, সেহেতু এর পুনর্বিবেচনা করা উচিত এবং দরিদ্রদের বাসস্থানের প্রয়োজন এবং সরকারি জমির ও স্ট্রীককার (ক্ষুদ্র ব্যবসায়িক কার্যকলাপ) সুরক্ষার উপরে ভিত্তি করে একটি নীতি গঠন করা উচিত, যাতে অন্তর্ভুক্ত হবে শহরে জমি সরবরাহের উপরে আরও সাময়িক দৃষ্টিভঙ্গি, ইমারত মানকের জমিকা, এবং লক্ষ্যকৃত ভর্তুকির সম্ভাবনা যা উচ্চ মূল্যের শহরে জমি নিলামের দ্বারা পাওয়া যেতে পারে। যেহেতু শহরে চৌহদ্দির বহু জমি বর্তমানে মামলার অধীনে রয়েছে, সেহেতু জমির প্রতি বিদ্যমান দাবীর নিষ্পত্তি করার জন্য এটা সংযুক্ত করা উচিত একটি প্রশস্ততর, তৎপর, এবং গণনাযোগ্য এক পদ্ধতির সঙ্গে যা দ্রুত জমি খাল্যাসের অনুমোদন দিতে আইনি মামলার একটি বিকল্প সরবরাহ করে (নিচে দ্বন্দ্ব সমাধানের মধ্যে দেখুন)।

জমির মূল্য এবং ব্যবহারের বিষয়ে নিয়মিত মূল তথ্য সরবরাহ : বেসরকারি (যেমন, ব্যাঙ্ক, বিমা কোম্পানি) এবং সরকারি (পরিকল্পনাকরণ, কলের হার, ইত্যাদি) ক্ষেত্র দ্বারা সিদ্ধান্ত গ্রহণের জন্য ভূসম্পত্তি এবং জমির আর সেইসঙ্গে তার লেনদেন সংঘটনের হারের বিষয়ে নিয়মিত তথ্যের উপলভ্যতা হচ্ছে একটি গুরুত্বপূর্ণ ভিত্তি। অধিকাংশ ভারতীয় শহরে, এই ধরনের তথ্য বর্তমানে উপলভ্য নয় এবং এইগুলি প্রকাশ্যে

উপলভ্য করে দিলে সেটা ব্যতিক্রম এবং বাজারের অসম্পূর্ণতা সনাক্ত করতে, বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি উন্নত করতে সাহায্য করতে পারে, এবং সেটা রাজস্ব উৎপাদন বৃদ্ধি করতে সাহায্য করে এমন এক উপায়ে যা প্রত্যেককে অপেক্ষাকৃত সঙ্গতিসম্পন্ন করে তোলে।

৩.৪ সরকারি জমি ব্যবস্থাপনা এবং জমি অধিগ্রহণ

৩.৪.১ সমস্যা চিহ্নিতকরণ

ব্যবহার জমি অধিগ্রহণে অসিদ্ধান্তমূলক জমি নথির অবদান: রাজ্যের দ্বারা জমি অধিগ্রহণ হল 'বিভক্ত' দলিল অর্জন করার বেশ কয়েকটি পদ্ধতির মধ্যে একটি। ২০১৩ সালের জমি অধিগ্রহণ আইন লাও হওয়ার আগে, এই আইন ব্যবহৃত হওয়ার প্রতি যার অবদান আছে এমনকি সেই ক্ষেত্রেও যেগুলি কঠোরভাবে সরকারি নয় বা ঠিকানা ধরে রাখা বা অন্য ধরনের কৌশলগত আচরণের উদ্দেশ্যে নয়। এটা এই আইনকে পরিচালিত করে, এমনকি সেই ক্ষেত্রে ব্যবহৃত হওয়ার জন্যেও যা একটি বিভক্ত নথিসহ ক্ষেত্রে হয়ে থাকে, আরও সহজভাবে এবং যথাযথভাবে ব্যবহৃত হয় সংশ্লিষ্ট তরফের সঙ্গে সরাসরি আলাপআলোচনার মাধ্যমে।

দুর্বল নথির কারণে সরকারি বিনিয়োগের জন্য জমি অধিগ্রহণ কোণঠাসা হয় : নগরায়ন এবং অর্থনৈতিক বিকাশ সরকারি পরিকাঠামো গঠন এবং পরিষেবা সরবরাহের একটি প্রয়োজন সূচিত করে। জমি অধিগ্রহণের জন্য পূর্বের পদ্ধতির অসঞ্চে ষজনক চরিত্র ২০১৩ সালের জমি অধিগ্রহণ আইনের জন্য দিয়েছে যা স্বয়ং বিবেচনায়োগ্য বিতর্কের কেন্দ্রবিন্দু হয়েছে। কিন্তু, ব্যবহৃত পদ্ধতি নির্বিশেষে, যথাযথ তথ্যের অভাবে প্রায়ই সঠিকভাবে জমির মূল্য স্থির করা বস্ত্রত অসম্ভব হয়ে পড়ে, এবং একটি বহুল প্রচারিত ক্ষেত্রে, কোন একটা বাধা উৎপন্ন হয়, যারা প্রভাবিত তাদের দ্বারা (ঘটক ইটি এএল, ২০১৩), যার অবদান হল একটি দীর্ঘায়িত পদ্ধতি এবং অবশেষ প্রকল্পের ব্যর্থতা। আরও বেশি করে সর্বসম্মত এবং জমি সমাবেশের পদ্ধতি, যেমন নগর পরিকল্পনা প্রকল্প যা গুজরাটে (ব্যালেনেই) খুব কার্যকারী হয়েছিল, অপেক্ষাকৃত কম পরস্পরবিরোধী হওয়ার জন্য যথাযথ নথিপত্র থাকা অপরিহার্য এবং সেটি একটি সু-অভ্যাস বলে বিবেচিত হয়।

একটি বর্ণনামূলক তালিকার অভাব সরকারি জমির কলহসূ ব্যবস্থাপনার কাজকে কঠিন করে তোলে : অধিকাংশ রাজ্যে, সরকারি জমি মানচিত্রে স্থান পেয়েছে কিন্তু জমির সীমানা নির্ধারণ করা হয়নি, এবং বেশির ভাগ ক্ষেত্রেই মানচিত্রটি বাস্তবের সঙ্গে আর মিলছে না। এটা সূচিত করে যে শহর এবং গ্রামীণ এলাকা উভয়ের মধ্যে অবস্থিত সরকারি জমির জন্য বা

যখন এগুলি বেসরকারি স্বার্থে হস্তান্তরিত হয়েছে সেই ক্ষেত্রের জন্য, সেখানে কোন তথ্য নেই। উপরে দেওয়া আমেদাবাদের উদাহরণ শহর এলাকার জন্য কৃত বর্ণনামূলক তালিকার থেকে প্রাপ্ত সেই সুবিধাগুলি বর্ণনা করেছে যা এই সম্পদসমূহের যথাযথ ব্যবস্থাপনা, জবরদখলের হাত থেকে সুরক্ষাদান সহ, করতে পেরেছে। অনুরূপে, গুড়িশা এবং জম্মু এবং কাশ্মীরের (জেকে) গ্রামীণ এলাকায়, সরকারি জমি হিসাবে এক বিশাল এলাকা নথিভুক্ত আছে এবং তা হয় রাজস্ব দস্তুর অথবা বন দস্তুরের মালিকানাধীন হয়ে রয়েছে যদিও সেগুলি বহুদিন ধরে দখলীকৃত এবং তাতে চাষাবাদ করা হচ্ছে।

সরকারি জমির জন্য ব্যবস্থাপক কর্তৃপক্ষ প্রায় ক্ষেত্রেই স্পষ্ট নয় : সরকারি জমির ব্যবস্থাপনা এবং বিভিন্ন উদ্দেশ্যে সেগুলি আরোপিত করার কাজের সঙ্গে একাধিক সরকারি সংস্থা, সীমাবদ্ধ সমন্বয়সহ জড়িত থাকে। সংবিধান (৭৩তম সংশোধনী আইন) এবং পিইএসএ ১৯৯৬ অনুসারে নিজেদের দায়িত্বের সম্বন্ধে পক্ষাঘাতগুলির সচেতনতা, প্রায় ক্ষেত্রেই দুর্বল, এবং সরকারি জমি ব্যবস্থাপনার জন্য আর্থিক সম্পদ এবং মানবিক সম্পদ উভয়ই অপ্রতুল।

জবরদখল বিবেচনায়োগ্য : যদি সরকারি ক্ষেত্র, ক্ষমতাসাহী স্বার্থের দ্বারা, কার্যকারিভাবে সরকারি জমির ব্যবস্থাপনা করতে ব্যর্থ হয়, তখন জবরদখল একটা সমস্যা হয়ে দাঁড়ায়। বস্ত্রত সবকটি রাজ্যের সরকারি বিতর্কে এটা একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় যা উল্লেখযোগ্য বিবাদ সৃষ্টি করেছে। কর্ণটিকে, ২০১১ সালে গঠিত একটি কমিটি বিশাল মাত্রায় সরকারি জমির জবরদখল, বিশেষত শহরের চৌহদ্দিতে, লক্ষ করেছিল এবং অনুমান করেছিল যে সরকারি জমির ১০ শতাংশ জবরদখল করা হয়েছে, যেখানে সীমানা চিহ্নিতকরণের অভাব এবং একটি অস্থানিহিত নিয়মিতকরণের প্রতিজ্ঞার উপলব্ধির সু-সংযুক্ত ব্যক্তিগত অনুভূতির পরিণাম হয়েছিল একটি সরকারি জমির দ্রুত অপ্রতিহত হ্রাস।

৩.৪.২ প্রস্তাবনা

সরকারি জমির একটি সর্বাঙ্গীণ বর্ণনামূলক তালিকা অর্জনের জন্য তথ্যের সমন্বয় সাধন : ভারতীয় জমি ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ দুর্বলতা হল যে সরকারি জমি অস্থানিহিতভাবে গুরুত্বপূর্ণ সম্পদ হিসাবে বিচারিত হওয়ার চাইতে বরং বিচারিত হয় উদ্বৃত্ত হিসাবে, এবং সেই কারণে যথাযথভাবে এর ব্যবস্থাপনার দরকার আছে। সেই সত্য ঘটনার দ্বারা এটা ঘটে যে অধিকাংশ রাজ্যে, (উদাহরণত অন্ধ্রপ্রদেশে), জমি সংক্রান্ত তথ্যের রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা এমনকি তিনটি বিভাগ, যেমন, সমীক্ষা, রাজস্ব, এবং নিবন্ধন কাজ করে এককভাবে এবং অংশগ্রহণ করা যায় এমন কম্পিউটারাইজড ডেটার অভাবে ভোগে। তাদের মধ্যে তথ্যের সমন্বয় সাধন করা একটি অগ্রাধিকার দানের ব্যাপার যেটা তখন ব্যবহৃত হতে

পারে শনাক্তকরণ এবং সরকারি জমির সুরক্ষা প্রদানের জন্য, ব্যবহারিক ক্ষেত্র এবং বিদ্যমান মানচিত্র উভয় ক্ষেত্রেই, এবং অধিকার ব্যাখ্যা করার কাজ শুরু করার জন্য সেই অবস্থায় যেখানে সেগুলি বিতর্কিত হয়েছে। জমি ব্যবহারের যথাযথ পরিকল্পনা থাকাটাও সাহায্য করতে পারে সরকারি জমির পরিমাণের অনুমান করতে যা ব্যক্তিগত পক্ষকে উপলভ্য করানো যেতে পারে নিলামের মাধ্যমে অথবা বর্তমানে বা ভবিষ্যতে জনগণের ব্যবহারের জন্য সরিয়ে রাখা যেতে পারে। জবরদখলের পরিমাণ স্থির করা এবং তার মোকাবিলার কৌশল স্থির করা সংকটপূর্ণও বটে, সম্ভবত সংশ্লিষ্ট আদালতের বিশেষ ব্যবস্থার মাধ্যমে।

জবরদখলের সমস্যা মোকাবিলার জন্য প্রাতিষ্ঠানিক দায়িত্ব ব্যাখ্যা করা এবং স্থানীয় ভাবে সরকারি জমির ব্যবস্থা করা : সরকারি জমির ব্যবস্থাপনা গঠন এবং আরোপিতকরণ আরও স্বচ্ছ ও অংশগ্রহণমূলক করতে হলে জবরদখল ঠেকানোর প্রতি সংস্কারের, বৈধ প্রাপককে নথি প্রদানের, এবং যেখানে সম্ভব, সরকারি জমি যা প্রতারণামূলক ভাবে দখলীকৃত হয়েছে, তার পুনরুদ্ধারের দরকার। কর্ণাটক জমি আধাসন (নিবারণ) আইন, ২০১১, গ্রামসভা সমেত স্থানীয় বডি'র উপরে বড় আকারে দায়িত্বের ক্ষমতা-হস্তান্তর অন্তর্ভুক্ত করে, একটি আকর্ষণীয় মডেল, যা অন্য রাজ্যগুলির দ্বারা এই গুরুত্বপূর্ণ বিষয়টিতে লেনদেন করার জন্য গৃহীত হতে পারে।

সুবিধা ভাগাভাগির উপরে জোর দিয়ে জমি অধিগ্রহণের প্রতিদ্বন্দ্বীতামূলক প্রকল্পের প্রতিস্থাপন : গুজরাটে সাফল্যের সাথে প্রযুক্ত হওয়া টিপিএস সহ অনেক মডেল সেখানে রয়েছে যা, পরিকাঠামোর বিকাশ এবং শিল্পের জন্য জমি অর্জন করতে, জমি অধিগ্রহণের বিকল্প সরবরাহ করতে পারে। যেহেতু ২০১৩ সালের জমি অধিগ্রহণ আইন, রাজ্যের পক্ষে জমি অধিগ্রহণ বেশি কঠিন করে দিয়েছে, সেহেতু এই ধরনের মডেলসমূহ আরও আকর্ষণীয় হতে পারে। একটি আকর্ষণীয় মডেল রয়েছে যা আরও কার্যকরভাবে সুবিধা ভাগাভাগিতে উৎসাহ দেয়, তা হল বিহার রাজ্য সরকারের কৃষক এবং বিনিয়োগকারীদের মধ্যস্থতাকারী হিসাবে কাজ করার প্রয়াস। বিক্রয়ে ইচ্ছুক কৃষকদের বিশদ পেশ করতে বলা হয় জেলা শাসকের কাছে যিনি, প্রস্তাবিত জমিটি সমস্ত রকমের বিতর্ক থেকে মুক্ত রয়েছে তা যাচাই হয়ে গেলে, সেটা জানান বিহার ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ডেভেলপমেন্ট অথরিটির (বিআইএডিএ) কাছে যারা নিজেদের ওয়েবসাইটে সেই জমির বিষয়ে (কৃষকের চাওয়া মূল্য অন্তর্ভুক্ত করে) বিজ্ঞাপন প্রকাশ করেন। এটা বিনিয়োগকারীকে মূল্য বিষয়ক তথ্যের যোগান দেয় যারা তখন নিজেদের উদ্যোগের জন্য উল্লেখিত জমির অংশ অর্জন করেন। এই মডেলের বাস্তবায়ন, যেভাবেই হোক আক্রান্ত হয়েছে অবিতর্কিত জমির উপলভ্যতার অভাবে যা, অংশত, আরোপিত হতে পারে রাজ্যে জমি সংক্রান্ত নথির দুর্বল চরিত্রের প্রতি।

৩.৫ সরকারি জমির বন্দোবস্ত

৩.৫.১ সমস্যা চিহ্নিতকরণ

বিনিয়োগকারীদের জন্য জমি সুলভ করতে বিভিন্ন প্রতিষ্ঠান বিদ্যমান : অধিকাংশ রাজ্য শিল্পায়নকে অগ্রাধিকার দেয় এবং, এটা উন্নীত করতে, বিনিয়োগ আকর্ষণের দিকে লক্ষ রাখে যা দক্ষতা এবং কর্মসংস্থানের যোগান দিতে পারে। যেহেতু জমি অধিগ্রহণ প্রায় ক্ষেত্রেই একটা বড় প্রতিবন্ধ হয়ে থাকে, শিল্পাঞ্চল বিকাশ পর্বদ বা নিগমগুলি প্রায়শই বেসরকারী শিল্পে ব্যবহারের জন্য জমি অধিগ্রহণ এবং হস্তান্তরের দায়িত্বপ্রাপ্ত হয়।^৮ সত্য ঘটনা যে, কোন কোন রাজ্যের কাছে শিল্প স্থাপন করতে, হয় সরকারি জমি চিহ্নিতকরণের দ্বারা অথবা বেসরকারী জমি অধিগ্রহণের দ্বারা 'জমি ব্যাঙ্ক' স্থাপনের জন্য একটা বিশদ নীতি আছে। ২০১৩ সালের জমিঅধিগ্রহণ আইন বলবৎ হওয়ার আগে, অধিগৃহীত জমির একটা বিরাট অঞ্চল বেসরকারী উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে।

হস্তান্তরের শর্তগুলি ব্যাপকভাবে পরিবর্তিত হয় এবং খুব কমই প্রকাশ্যে আসে : প্রদত্ত সুবিধার বা সুবিধা-ভাগাভাগির শর্তের বিষয় নিয়মানুগ প্রকাশিত না হলে, জমি হস্তান্তরের বিশদ বিবরণ একমাত্র তখন প্রকাশ্যে আসে যদি বিধানসভায় প্রশ্ন ওঠে, অডিট চলাকালীন, বা আদালতের নির্দেশে। নিরাপত্তা এবং পদ্ধতি পালনে বিনিয়োগকারীর সম্মতির প্রতি তৃতীয় পক্ষের নজরদারি বস্তুত অবিদ্যমান। সরকারি ইজারার ফি প্রায়ই সেইসময়ে সংগৃহীত হয় যখন সেটা পুনর্নবীকরণের সময় উপস্থিত হয়। লেনদেন থেকে বিনিয়োগকারী প্রভূত লাভ অর্জন করছে এমন উদাহরণসহ সরকারের দ্বারা খুব সীমাবদ্ধ পরিমাণে মূল্য আদায়ের বহু ক্ষেত্র রয়েছে। জমি সুবিধাজনক হারে ইজারা দেওয়া হয়েছে, বাজার দরের চাইতে অনেক কম দামে এবং কেবলমাত্র খুব অল্প পরিমাণ জমি নিলামের মাধ্যমে দেওয়া হয়েছে। অন্যান্য রাজ্যগুলি থেকে প্রাপ্ত উদাহরণে দেখা যাচ্ছে যে প্রকৃতপক্ষে সরকারি জমির শুধুমাত্র একটা অংশ নির্ধারিত ব্যবহারের জন্য হস্তান্তরিত করা হয়েছে।

নিরাপত্তা এবং ইজারা শর্তসমূহ পালনের উপরে নজরদারি প্রায়শই দুর্বল : বিমানবন্দর, জাহাজবন্দর, রাস্তা এবং রেললাইন, শিল্পতালুক ইত্যাদির মতন, শিল্প এবং পরিকাঠামো প্রতিষ্ঠা, বিশাল পরিমাণে সরকারি জমি হস্তান্তর করে নীতি নির্ধারণের প্রয়োজনীয়তা, যা ব্যবসায়িক উদ্দেশ্যে এই ধরনের সরকারি জমি প্রদানের ক্ষেত্রে থাকা উচিত (উদাহরণস্বরূপ, কর্মসংস্থান উৎপাদন এবং দক্ষতা বিকাশ) বিদ্যমান আছে এবং সংশ্লিষ্ট উপাদানসমূহ বিনিয়োগ পরিকল্পনার অংশ হয়, কিন্তু বিভিন্ন প্রকল্পের দ্বারা প্রয়োজনীয় জমির পরিমাণের মানের অভাব

৮. অতিরিক্ত হিসাবে, রাজ্য বিভাগ কোন বেসরকারি বাসরকারি উদ্দেশ্য, যেমন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ইত্যাদি, সরকারি জমি অধিগ্রহণ করতে পারে, যেখানে নগরায়ন কর্তৃপক্ষ এবং আবাসন পর্বদ জমি অধিগ্রহণ করে এবং তা আবাসন নির্মাণ জমি হিসাবে বেসরকারি ব্যক্তিকে হস্তান্তর করে।

পরিমিত হয়, এবং অংশত দুর্বল ক্ষমতা এবং দায়িত্বের অধিক্রমণের জন্য নজরদারি ও বলবৎকরণ দুর্বল হয়ে থাকে।

৩.৫.২ প্রস্তাবনাসমূহ

বাজার দরে বা প্রতিযোগিতামূলক নিলামের মাধ্যমে জমি হস্তান্তর : আন্তর্জাতিক স্তরে অভিজ্ঞতা দেখায় যে সরকারি জমির নিলাম ডাকা, ইজারা বা বিক্রির মাধ্যমে যার দরকার হয় না, খুব বড় আকারে রেভেনিউ উৎপাদন করতে পারে, যা পরিকাঠামো বিকাশের কাজে পুনরায় লাগানো যেতে পারে। যথার্থ দূরদৃষ্টির সঙ্গে অধিকাংশ রাজ্য আইনানুগভাবে সরকারি জমি নিলাম করতে সক্ষম এবং এই নীতি বর্তমানে ক্রমবর্ধমান হারে গ্রহণ করা হচ্ছে। ফলাফলের যথার্থ বিবরণ জমি লেনদেনের স্বচ্ছতা বৃদ্ধি আর সেইসঙ্গে অন্য কোন ভুক্তিকি, যা সরকার মনে করে একটি নির্দিষ্ট শিল্পকে প্রদান করা যায়, সে বিষয়ে অনেক কিছু করতে পারে।

নিয়মানুযায়ী ইজারার শর্তগুলোকে প্রকোপ করা এবং তৃতীয় পক্ষের দ্বারা পর্যবেক্ষণ : কী শর্তে সরকারি জমিহস্তান্তর হবে তার প্রতি সর্বপ্রথম মনোযোগ দেওয়া আবশ্যিক, অভিপ্রেত সুবিধাগুলো কতটা পাওয়া যাবে তানির্ভর করবে চুক্তির অন্তর্ভুক্ত সমস্ত শর্তগুলোর প্রকৃত বাস্তবায়নের ওপর। এটা করার জন্য, চুক্তির শর্তাবলী প্রকাশ করার সাথে সাথে পরিপূরক হিসেবে নিরপেক্ষ তৃতীয় সংস্থা দ্বারা নজরদারি বেং সম্পাদিত কাজ যদি সম্মত স্থিতিমাপের থেকে বিচ্যুত হয় তবে তার সহজ প্রতিকারের ব্যবস্থা করতে হবে।

জমি লেনদেনে যুক্ত সরকারি আধিকারিকদের অতি মাত্রায় আইনগত এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান : রাজ্যগুলি এমন অনেক ক্ষেত্রের কথা বলেছে যেখানে তথ্যের অভাব বা নিবেদিত হতে এবং বিশেষভাবে আইনি সহায়তাপেতে সক্ষম হওয়ার অভাব, সরকারি আধিকারিকদের, যারা উটকো মামলার সম্মুখীন হয়েছে, পরিচালিত করেছে সেই সিদ্ধান্ত নিতে যাকোন আইনি ভিত্তি ছাড়াই সরকারি জমি হাতছাড়া হওয়া বা কোন নির্দিষ্ট প্রকল্পের জন্য প্রয়োজনের অতিরিক্ত জমি অধিগ্রহণ করা সহ, সামগ্রিক সরকারি স্বার্থ রক্ষাকে সর্বাধিক করতে অসমর্থ হয়। একজন ওমবাডসমেন্ট স্থির করে, যার কাছে এই সমস্ত ক্ষেত্রে যাওয়া যেতে পারে, এই অবস্থা এড়ানো যেতে পারে এবং তাতে ইতিবাচক প্রভাব লক্ষ করা যায়।

৩.৬ জমির নথিপত্র এবং তফসিল

৩.৬.১ সমস্যা চিহ্নিতকরণ

প্রায় কেত্রেই পাঠগত নথিসমূহ নিম্ন মানের এবং সীমিত অন্তর্ভুক্ত এলাকা সম্বলিত : জমি নথির কম্পিউটারাইজেশনের ব্যাপ্তি এবং চরিত্র (উদাহরণস্বরূপ, একটি কেন্দ্রীয়িত তথ্য এবং

নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ), নথি এবং নিবন্ধনের বা অন্য প্রতিষ্ঠানের মধ্যকার সংযোগ, বেসরকারী ছাড়াও সরকারি জমির অন্তর্ভুক্ত এলাকা, এবং পাঠগত থেকে স্থানিক নথির সংযোগ ব্যাপকভাবে রাজ্যজুড়ে পরিবর্তিত হয়। বিহার এবং কাছিম্বাঙ্গে কম্পিউটারাইজেশন অসম্পূর্ণ রয়েছে এবং এমনকী যেখানে এটা সরকারিভাবে "সম্পূর্ণ", সেখানেও তথ্য হয়তো যন্ত্র-পাঠযোগ্য নয় বা নিম্ন মানের, ফলত তা উচ্চহারে কম্পিউটারাইজেশনের সরকারি বিনিয়োগের থেকে প্রাপ্ত সুবিধাগুলি কমিয়ে দিচ্ছে।^৯

জমি নথিসমূহ সিদ্ধান্তমূলক হওয়ার চাইতে বরং আনুমানিক: উপ-নিবন্ধক জমির মালিকানা বিশদে যাচাই করবেন, নিবন্ধন আইনের কাছে তার প্রয়োজন নেই। নিবন্ধন এবং নথি এবং অন্যান্য প্রতিষ্ঠান যেমন আদালত, সরকারি বিভাগ, এবং ব্যাঙ্কের মধ্যকার স্বয়ংক্রিয় সংযোগ, যা নিবন্ধনের আগে দলিলের মূল যাচাই নিশ্চিত করে, ব্যাভীতনিবন্ধন আইনের মূল্য অতি সামান্য হয় আর প্রতারণামূলক বা নকল নথিসমূহের প্রাচুর্য্য, প্রতারণামূলক হস্তান্তর বা মামলার রাস্তা খুলে দেয়।

শহরগুলো স্থানিক নথি বহুত অবিদ্যমান এবং গ্রাম্য এলাকায় প্রায়শই সেকেন্দ্রে : যেহেতু অধিকাংশ রাজ্য স্থানিক নথির হালনাগাদিকরণের জন্য পর্যায়ক্রমিক পুনঃসমীক্ষার কাজ (প্রতি ৩০ বছরে একবার), যা ঔপনিবেশিক আমলে পত্তন করা হয়েছিল, তা করতে অকৃতকার্য হয়েছে, সেহেতু এই নথিসমূহ বিশেষকরে, শহর এবং শহরতলী এলাকায় ভীষণভাবে সেকেন্দ্রে এবং পাঠগত নথির সঙ্গে সঙ্গতিহীন।^{১০} একটা লেনদেনের নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট নথি হালনাগাদ করে না, সেই সত্তা ঘটনাসমতে, এটানিবন্ধনের সম্পূর্ণতা যাচাই করাকে কঠিনকরে তোলে এবং নিয়মানুগভাবে সেই ফাঁকগুলিকে চিহ্নিত করে এবং সেটাকে সীমানা বিরোধ বৃদ্ধির প্রতি পরিচালিত করতে পারে। অধিকাংশ রাজ্যে, কম্পিউটারাইজেশন করার প্রচেষ্টা থেকে সম্প্রদায়গত এবং সরকারি জমি বাদ দেওয়া হয়েছে, যা সেই ধরনের জমিকে দখলদারি থেকে সুরক্ষা দেওয়া কঠিন করে তোলে এবং নথি সৃষ্টির একটি বিপদ তৈরী করে, যা অনিচ্ছাকৃতভাবে সেটা নিয়মানুগ করে। ২০১৩ সালে, অন্ধ্রপ্রদেশে বেসরকারী সমীক্ষার কাজ ২৩শতাংশ মতো হয়েছে। বিহারে, নথিসমূহ হালনাগাদ করা হয়নি এবং রক্ষনাবেক্ষনের ক্ষমতা দুর্বল। যেখানে বেশির ভাগ রাজ্য স্থানিক নথির হালনাগাদিকরণের স্বীকৃতি দিয়েছে

৯. বাস্তব ফাইলগুলি শুধুমাত্র পিডিএফ ফরম্যাটে স্থান করলেই সেটা যন্ত্র-পাঠযোগ্য হয় না যা ক্রশ-রেফারেন্সিং এর সুযোগ বাতুল্য না। এপি-বে, এটা অনুমান করা হয় যে, নথি ডিজিটাইজ করার সময় বা তার আগে যাচাই করা বা হালনাগাদ করার ব্যর্থতার জন্য, প্রায় ৩০ শতাংশ পাঠগত নথি তুল।

১০. সর্ববর্ত গ্রামগুলো পরিষ্কৃত অপেক্ষাকৃত ভালো; গুড়িশার গ্রামীণ নথির একটি নমুনা, মানচিত্রে ৭২ শতাংশ ডিজিটাল পাঠগত তথ্য চিহ্নিত করা যায়, সেখানে বাকি ক্ষেত্রে কোন স্থানিক সাহায্য নেই এবং এবং স্থানিক রেকর্ডের অনেক ছোট অংশ (৪ শতাংশ) নিবন্ধে নিবন্ধ করা হয়নি।

এবং অনেক পথপ্রদর্শক চালু করেছে, সেখানে এগুলির অল্প কয়েকটি নকশাকৃত হয়েছে এমনভাবে যা আরোহনের শিক্ষাগ্রহণ করার অনুমোদন দেয় এবং আরও অল্পসংখ্যককে প্রকৃতপক্ষে সম্পূর্ণ করা হয়েছে এবং ফলাফলসমূহ যত্নসহকারে মূল্যায়িত হয়েছে।

বেশি খরচ এবং নথির অসিদ্ধমূলক চরিত্র হস্তান্তর নিবন্ধনের প্রেরণা কমায় : যদিও কেন্দ্রীয় সরকারের স্ট্যাম্প ডিউটি কমানোর প্রয়াস কিছুটা সাফল্য পেয়েছে, তাও সম্পত্তি হস্তান্তরে প্রদেয় ফি, জাতীয় স্তরে ৫ শতাংশ লক্ষের বেশ উপরে থেকে বিশ্বব্যাপী সর্বোচ্চ হয়েছে। গ্রামীণ এলাকায়, এটা বেশিরভাগে ব্যাপকভাবে প্রসার করেছে (আনুমানিক প্রায় ৩০শতাংশ), যখন কোন কোন রাজ্য সরকার পর্যায়ক্রমিক উদ্যম এবং প্রেরণা প্রসারের মাধ্যমে এটার মোকাবিলা করার প্রয়াস চালাচ্ছে এই ধরনের "সাদা কাগজের" হস্তান্তর "নিয়মিতকরণ" করার জন্য। গতানুগতিক পদ্ধতির (যা হল, জরীপের জন্য ব্যবহৃত চেন এবং ক্রস ট্যাব) পাশাপাশি আধুনিক প্রযুক্তির ব্যবহারের সম্মতি দিতে গিয়ে নিয়মকানুন আধুনিক করতে বার্ষিক হওয়ার ফলে উচ্চ মূল্যে পরিবেশের প্রদানের বিধান বা সরকারি ক্ষেত্রের একচেটিয়া অধিকারের সঙ্গে প্রতিযোগিতা করতে বেসরকারী ক্ষেত্রের প্রবেশের অনুমতি প্রদান নিবন্ধনের প্রেরণা কমিয়ে দেয়।

গ্রামীণ স্তরে নিয়মানুগ সমন্বয়সাধন একেজো হয়ে পড়েছে : গ্রামীণ নথির বার্ষিক সমন্বয়সাধন (জমাবন্দি), যা জেলাস্তরের একজন উচ্চ পদাধিকারিকের দ্বারা যাচাইকৃত এবং অনুমোদিত, বোঝায় যে অনেক ক্ষেত্রেই স্থানীয় স্তরে মানচিত্র এবং নথি তুলনামূলক ভাৱে রক্ষিত হত যাতে করে উচ্চ স্তরের কোথাও নথি হালনাগাদিকরণের ব্যর্থতা সমস্ত ব্যবস্থার গুণগত মানকে বিপন্ন করেনি, অন্ততপক্ষে গ্রামীণ অঞ্চলে। যাই হোক, এই অনুশীলন বর্তমানে অধিকাংশ রাজ্যে পরিত্যক্ত হয়েছে, যা সমগ্র ব্যবস্থারবিপ্লব তথ্যের অখণ্ডতার প্রতি সঙ্কটজনক ঝুঁকি উৎপন্ন করেছে।

৩.৬.২ প্রস্তাবনাসমূহ

